আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর তাদের সাথে কেয়ামতের দিন আল্লাহ কথা বলবেন না। তাদের প্রতি (করুণার) দৃষ্টিও দেবেন না। আর তাদেরকে পরিশুদ্ধও করবেন না। বস্তুতঃ তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।
সূরা আল ইমরান ৭৭

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ২৩ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১১ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১০ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত সোপান
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বিরোধী দলগুলো আত্মস্বীকৃত সন্ত্রাসী কর্মকাণ্ডে যুক্ত হচ্ছে: রিজভী

কীর্তনখোলা ডেস্ক
বিরোধী দলের ভূমিকায় থাকা রাজনৈতিক দলগুলো আত্মস্বীকৃত সন্ত্রাসী কর্মকাণ্ডে যুক্ত হচ্ছে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

সরকারি হাসপাতালের সামনে কোনো ক্লিনিকের অনুমোদন দেওয়া হবে না

কীর্তনখোলা ডেস্ক
স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, বিগত সরকারের আমলে ব্যাঙের ছাতার মতো ডায়াগনস্টিক ২ এর পাতায় দেখুন

জ্বালানি তেলের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবি নাহিদ ইসলামের

কীর্তনখোলা ডেস্ক
জ্বালানি তেলের অযৌক্তিক মূল্যবৃদ্ধি অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ২ এর পাতায় দেখুন

জনগণের সঙ্গে সম্পর্ক নেই বলেই জ্বালানি তেলের দাম বাড়াচ্ছে সরকার

কীর্তনখোলা ডেস্ক
জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি সংকট মোকাবেলায় সরকারের ব্যর্থতার প্রতিফলন বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

ককটেল বিস্ফোরণ, বাসে আগুন ও শিশু হত্যায় অস্থির দেশ

কীর্তনখোলা ডেস্ক
ককটেল বিস্ফোরণ ও বাসে অগ্নিসংযোগ, শিশু হত্যা, জনতার হামলা, বিশ্ববিদ্যালয়ছাত্রকে পিটিয়ে হত্যার অভিযোগ; সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে একের পর এক অপরাধের ঘটনা ঘটছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ২ হাজারের বেশি শিশুর নিখোঁজ থাকা, ডেঙ্গু ও হামের সংক্রমণ, বিদ্যুৎ-গ্যাস সংকট এবং জ্বালানি তেলের দাম বৃদ্ধি। এসব ঘটনায় আইনশৃঙ্খলা পরিস্থিতি ও জননিরাপত্তা নিয়ে নতুন করে আলোচনা তৈরি হয়েছে। একটির সঙ্গে আরেকটির সরাসরি সম্পর্ক নেই। তবে অপরাধ, মব, শিশু নিরাপত্তা, জনস্বাস্থ্য, জ্বালানি ও রাজনৈতিক অস্থিরতার এসব ঘটনা একই সময়ে সামনে আসায় সাধারণ মানুষের নিরাপত্তা ও স্বস্তিবোধে চাপ তৈরি হয়েছে। রাজনৈতিক ও সমাজ বিশ্লেষকরা পরিস্থিতিকে 'অস্থিতিশীল' বললেও পুলিশ বলছে, বিচ্ছিন্ন ঘটনা দিয়ে দেশের সামগ্রিক পরিস্থিতিকে অস্থিতিশীল বলা যায় না। তবে ঘটনাগুলো সাধারণ মানুষের মনে নিশ্চয়ই উদ্বেগ বাড়াচ্ছে এবং সরকারের প্রতি আস্থার সংকট তৈরি করছে। আর সরকারি দল বলছে, বিরোধী দল কর্মসূচির নামে দেশকে অস্থিতিশীল করছে। ১৮ সেপ্টেম্বর মালিবাগ, যাত্রাবাড়ী, আগারগাঁও ও মহাখালীসহ বিভিন্ন এলাকায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। পরদিনও রাজধানীর বিভিন্ন স্থানে বিস্ফোরণ ও যানবাহনে অগ্নিসংযোগ হয়। এরপর ঢাকা মহানগর পুলিশ দুই শতাধিক চেকপোস্ট বসিয়ে নিরাপত্তা জোরদার করে। রবিবার (২০ সেপ্টেম্বর) হাইকোর্ট ও মৎস্য ভবন এলাকাতেও ককটেল বিস্ফোরণের খবর পাওয়া যায়। পুলিশ সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে জড়িতদের শনাক্ত করার কথা জানিয়েছে। এসব ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের সংশ্লিষ্টতার তথ্য পাওয়া গেছে বলে দাবি করেছে ডিবি। পুলিশ সদর দফতরের অতিরিক্ত আইজি খন্দকার রফিকুল ইসলাম বলেন, এসব ঘটনার মাধ্যমে আইনশৃঙ্খলা পরিস্থিতি খারাপ; এমন ধারণা তৈরির চেষ্টা চলছে। দেশের সামগ্রিক পরিস্থিতিকে 'অস্থিতিশীল' বলতে নারাজ ২ এর পাতায় দেখুন

বাস্তবসম্মত ও কর্মমুখী শিক্ষায় বিশেষ জোর দিতে হবে: রাষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক
দেশ ও বিদেশের কর্মসংস্থান উপযোগী প্রযুক্তি, প্রকৌশল ও কারিগরি শিক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গভবনে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীমের নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎকালে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক একাডেমিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এ প্রসঙ্গে রাষ্ট্রপতি বলেন, দ্রুত ২ এর পাতায় দেখুন

সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে জেলা ও মহানগর যুবদলের উদ্যোগে সমাবেশ ও বিক্ষোভ মিছিল -কীর্তনখোলা

সন্ত্রাসবিরোধী মিছিলে অসুস্থ হয়ে যুবদল নেতার মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট
সন্ত্রাসবিরোধী মিছিলে অসুস্থ হয়ে বরিশাল মহানগর যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক জিএম মনির হোসেনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২টার দিকে নগরীর কাটপট্টি রোড এলাকায় যুবদলের মিছিলে এ ঘটনা ঘটে। নিহত যুবদল নেতা জিএম মনির হোসেন (৫৪) বরিশাল মহানগর যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক এবং নগরীর রোকেয়া আজিম সড়কের বাসিন্দা। বরিশাল জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হাফিজ আহমেদ বাবলু এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে মঙ্গলবার সকালে বরিশাল জেলা ও মহানগর যুবদলের মিছিল ছিল। জিএম মনির মহানগর যুবদলের মিছিলে অংশ নেয়। বাবলু বলেন, মিছিল নিয়ে যাওয়ার সময় নগরীর কাটপট্টি এলাকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে রাস্তায় পড়ে যান মনির হোসেন। তাৎক্ষণিকভাবে তাকে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক বলেন, এটি একটি দুঃখজনক ঘটনা। মনির যুবদলের সক্রিয় কর্মী ছিলেন। এদিকে যুবদল নেতা জিএম মনিরের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য মজিবর রহমান সরোয়ার ও বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন এবং জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমানসহ বিএনপি ও যুবদলের নেতারা। এর আগে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মঙ্গলবার বেলা ১২টায় নগরীর সদর রোডে পৃথকভাবে সমাবেশ ও মিছিল করে জেলা ও মহানগর যুবদল। নগরীর ২ এর পাতায় দেখুন

বাসভাড়া বাড়ছে কিলোমিটারে ১৭ পয়সা

কীর্তনখোলা ডেস্ক
জ্বালানি তেলের দাম বাড়ানোর পর দেশের ডিজেলচালিত সাধারণ বাসের ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। দূরপাল্লা ও মহানগরসহ শহরের বাসে কিলোমিটারপ্রতি ১৭ পয়সা করে ভাড়া বাড়ানো হচ্ছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দায়িত্বশীল সূত্রে জানা যায়, সাধারণত জ্বালানি তেলের দাম এক টাকা বাড়লে বাসের ভাড়া কিলোমিটারপ্রতি বৃদ্ধি পায় এক পয়সা। এবার ডিজেলের মূল্য লিটারে ২০ টাকা বেড়েছে। বিআরটিএ কিলোমিটার প্রতি ভাড়া ২০ পয়সা বাড়ানোর প্রস্তাব দিয়েছিল। কিন্তু সড়ক পরিবহন মন্ত্রণালয় তা কমিয়ে ১৭ পয়সা করার সিদ্ধান্ত দিয়েছে। নতুন ভাড়ার হার কেবল ২ এর পাতায় দেখুন

বরিশাল এ আর এস মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্তদের সংবর্ধনা স্মারক তুলে দেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য অ্যাড. মজিবর রহমান সরোয়ার -কীর্তনখোলা

বরিশালে ছয় হাজার টয়লেট ও গভীর নলকূপ স্থাপনের উদ্যোগ

কীর্তনখোলা রিপোর্ট
নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে বরিশাল জেলার ১০ উপজেলা ও সিটি করপোরেশন এলাকায় বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)। সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় জেলার প্রতিটি ইউনিয়নে গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি গ্রামীণ স্যানিটেশন ২ এর পাতায় দেখুন

নিখোঁজের দুই দিন পর খালে মিললো শিশুর বস্তাবন্দি মরদেহ

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে নিখোঁজের দুই দিন পর খাল থেকে বস্তাবন্দি অবস্থায় মো. ইসমাইল (৬) নামে এক শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় সন্দেহভাজন হিসেবে মো. রোকন নামে এক যুবককে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে বোরহানউদ্দিন পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের মুসলিম পাড়া সংলগ্ন খাল থেকে শিশুটির মরদেহ উদ্ধার করা হয়। নিহত ইসমাইল ওই ওয়ার্ডের মো. আকবর হোসেনের ছেলে। আর হেফাজতে নেওয়া রোকন একই এলাকার মো. নান্নুর ছেলে। শিশুটির পরিবার সূত্রে জানা যায়, গত ২০ সেপ্টেম্বর সকালে বাসা থেকে পাশের হাওলাদার ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাইক্রোপ্লাস্টিক গবেষণাগারের উদ্বোধন

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে মাইক্রোপ্লাস্টিক দূষণ শনাক্তকরণ ও এর পরিবেশগত প্রভাব নিয়ে গবেষণাকে আরও এগিয়ে নিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন করা হয়েছে মাইক্রোপ্লাস্টিক গবেষণাগার। একই সঙ্গে ফোরিয়ের-ট্রান্সফর্ম ইনফ্রারেড (এফটিআইআর) ইমেজিং প্রযুক্তি ব্যবহার করে মাইক্রোপ্লাস্টিক শনাক্তকরণে হাতে-কলমে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকাল ১০ টা ৩০ মিনিটে বরিশাল বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে এ গবেষণাগারের উদ্বোধন ও প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ মামুন অর রশীদ। তিনি আনুষ্ঠানিকভাবে ২ এর পাতায় দেখুন

কাশিপুরে আইনজীবী সহকারি নুরুজ্জামান হত্যায় স্ত্রী গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে আইনজীবীর সহকারী (মহুরি) নুরুজ্জামান হাওলাদার (৫৫) হত্যা মামলায় তার স্ত্রী নাছিমা বেগমকে গ্রেফতার করেছে পুলিশ। স্বামীর একাধিক নারীর সঙ্গে পরকীয়ার বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে তাদের মধ্যে দাম্পত্য কলহ চলছিল। ঘটনার রাতে ঝগড়ার পর নুরুজ্জামান ঘুমিয়ে পড়লে নাছিমা রান্নাঘর থেকে শীল (পুতা) এনে তার মাথায় আঘাত করেন। পরে বালিশ দিয়ে মুখে চাপা দিয়ে তার মৃত্যু নিশ্চিত করেন বলে জানিয়েছে পুলিশ। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বেলা ১১টার দিকে বরিশাল মেট্রোপলিটন পুলিশের এয়ারপোর্ট থানায় আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান উপ-পুলিশ কমিশনার সুশান্ত সরকার। এর আগে সোমবার (২১ সেপ্টেম্বর) ঢাকার ভাটারা থানা এলাকায় অভিযান চালিয়ে নাছিমা বেগমকে গ্রেফতার করে এয়ারপোর্ট থানা পুলিশ। সংবাদ সম্মেলনে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

তেল কম দেওয়ায় গড়িয়ার পাড়ের সারা ও বাবুগঞ্জের কামিনী পাম্পকে জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট
জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির পর সঠিক পরিমাপ নিশ্চিত করতে বরিশালের বিভিন্ন ফিলিং স্টেশনে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত। এ সময় মাপে কারচুপির অভিযোগে দুটি ফিলিং স্টেশনকে মোট ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদের নির্দেশে মঙ্গলবার দুপুর আড়াইটার পর বরিশাল জেলা প্রশাসক কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট অনুজ ভৌমিক পিয়াস এ অভিযান পরিচালনা করেন। অভিযান পরিচালনা কালে মাপে কম ও বেশি দেয়ার অভিযোগে ওজন ও পরিমাপ মানদন্ড ২০১৮ এর ৪৬ ধারায় গরিয়ার পার এলাকার মেসার্স সারা ফিলিং স্টেশন কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ সময়ে ফিলিং স্টেশন এর ম্যানেজার মো. জয়কে মেশিন ঠিক করার জন্য সময়সীমা বেধে দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট অনুজ ভৌমিক পিয়াস। একেই অভিযোগে বরিশাল-ঢাকা মহাসড়কের বাবুগঞ্জের কামিনী ফিলিং স্টেশনকে বিশ হাজার টাকা জরিমানা করা হয়। এ সময়ে ওই ফিলিং স্টেশনের ম্যানেজার মো. সোহেলকে সতর্ক করা হয়। তবে নগরীর কাশিপুরের রাব্বি ফিলিং স্টেশনে পরিমাপ ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দেশজুড়ে ডেঙ্গুর ভয়াবহ বিস্তার

কথায় আছে, সময়ের এক ফোঁড় আর অসময়ের দশ ফোঁড়। দেশে ডেঙ্গু বিস্তারেও দেখা যাচ্ছে একই দশা। একসময় যে ডেঙ্গু ঢাকার মতো নগরকেন্দ্রিক রোগ ছিল, সমন্বয়হীনতা ও সঠিক পদক্ষেপের অভাবে আজ সেটিই সারা দেশে ভয়াবহ মাত্রায় ছড়িয়ে পড়েছে। এবার দেখা যাচ্ছে, ঢাকার চেয়ে বাইরের জেলাগুলোতেই প্রকোপ বেশি। হতাশার বিষয় হলো, ডেঙ্গুর বাহক এডিস মশা নিয়ন্ত্রণে রাজধানীর মতো শহরাঞ্চলে কিছু পদক্ষেপ থাকলেও প্রত্যন্ত অঞ্চলে নেই বললেই চলে। আশঙ্কা করা হচ্ছে, সামনে অক্টোবর মাসের প্রথম দিকেই সংক্রমণ ‘পিকে’ পৌঁছাতে পারে। প্রকাশিত খবরে জানা যায়, চলতি বছর দেশে ডেঙ্গু ছড়িয়েছে ৬৪ জেলায়। এর মধ্যে ৫২ জেলায় সংক্রমণ বেড়েছে আর কমেছে ১২ জেলায়। খবরে বলা হয়, গত বছর সেপ্টেম্বরের মাঝামাঝি সময় দক্ষিণাঞ্চলের বরগুনা ছিল ডেঙ্গুর সবচেয়ে বড় হটস্পট। এবার সেই জায়গা নিয়েছে খুলনা। শুধু দক্ষিণ-পশ্চিমাঞ্চল নয়, ময়মনসিংহ, পাবনা, গাজীপুর, চট্টগ্রাম এবং উত্তরাঞ্চলের একাধিক জেলায়ও দ্রুত বাড়ছে রোগী। ঢাকার কাছের জেলা গাজীপুরে ডেঙ্গু ব্যাপকহারে ছড়িয়ে পড়ছে। শুধু গাজীপুর জেলায় গত ২০ দিনে ডেঙ্গুতে ১৩ জনের মৃত্যু হয়েছে। জেলায় প্রতিদিন নতুন করে আক্রান্ত হচ্ছে চার শতাধিক মানুষ। অন্যদিকে বরিশাল বিভাগের ছয় জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯ হাজার ৬৫ জনে। মৃত্যু হয়েছে ১২ জনের। এবারের সবচেয়ে বড় হটস্পট খুলনায় গত বছর সেপ্টেম্বর পর্যন্ত রোগী ছিল মাত্র ৪০১ জন, এবার সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে পাঁচ হাজার ৩৫৩ জনে। অর্থাৎ গত বছরের তুলনায় প্রায় ১৩.৪ গুণ রোগী বেড়েছে। এসব তথ্য পরিবেশন করা হয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের বরাত দিয়ে। উদ্বেগের ব্যাপার হলো, এসব তথ্য থেকে প্রকৃত চিত্র পুরোপুরি আঁচ করা যাচ্ছে না। কেননা শহর থেকে গ্রামাঞ্চলে অনেকে ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছে কিন্তু হাসপাতালে যাচ্ছে না– তারা সরকারি এই হিসাবের আওতায় আসছে না। দেশের স্বাস্থ্য খাতে অব্যবস্থাপনা নতুন কিছু নয়। জেলা-উপজেলা পর্যায়ে সরকারি হাসপাতালগুলোর অবস্থা বেশ করুণ। অনেক জায়গায় রোগীরা প্রাথমিক সেবাও পায় না। এ কারণে যখনই কোনো রোগের প্রাদুর্ভাব দেখা দেয়, সেই সময় বিভাগীয় পর্যায়ের হাসপাতালে রোগীর মাত্রাতিরিক্ত চাপ পড়ে। কিন্তু সীমিত সক্ষমতা নিয়ে হাসপাতালগুলোকে পরিস্থিতি সামাল দিতে মারাত্মক বেগ পেতে হয়। রোগীদেরও ভোগান্তি বাড়ে। শয্যা না পেয়ে হাসপাতালের মেঝেতে চিকিৎসা নেওয়ার দৃশ্য আমাদের কাছে অতিপরিচিত। এডিস মশা নিয়ন্ত্রণে বিশেষজ্ঞ মহল থেকে নানা সময় নানা পরামর্শ দেওয়া হয়েছে। কিন্তু পরিতাপের বিষয়, সেগুলো সময়মতো আমলে নেওয়া হয়নি। কিছু কর্মসূচি নিছক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে শেষ হয়েছে। মশা নিধনে ওষুধের কার্যকারিতা নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে। অভিযোগ রয়েছে, নকল ওষুধ ছিটানো হচ্ছে। এ ছাড়া এডিস নিয়ন্ত্রণে ফগার মেশিনের গ্রহণযোগ্যতা অনেক আগেই হারিয়েছে। কীটতত্ত্ববিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. কবিরুল বাশার বলেন, অক্টোবরের সম্ভাব্য বিস্তার ঠেকাতে বৈজ্ঞানিক বিশ্লেষণ ও তথ্য-প্রমাণভিত্তিক প্রতিরোধব্যবস্থা জোরদার করতে হবে। তিনি বলেন, ঢালাও মশক নিধন অভিযান চালিয়ে কাঙ্ক্ষিত ফল পাওয়া কঠিন। কোথায় মশার প্রজনন বেশি হচ্ছে, তা চিহ্নিত করে সুনির্দিষ্টভাবে প্রজননস্থল ধ্বংস করতে হবে। আমরা আশা করি, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরিস্থিতি আমলে নিয়ে কার্যকর ও সমন্বিত পদক্ষেপ গ্রহণ করবে। পাশাপাশি রোগীদের সুচিকিৎসা নিশ্চিত করতে জেলা-উপজেলা পর্যায়ে হাসপাতালের সক্ষমতা বাড়াতে হবে। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পরপর প্রতিশ্রুতি দিয়েছে, স্বাস্থ্য খাতে পর্যাপ্ত লোক নিয়োগ দেওয়া হবে, সেই প্রতিশ্রুতির আশু বাস্তবায়ন প্রয়োজন।

জনগণের সঙ্গে সম্পর্ক নেই

ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব ও ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি শেখ ফজলুল করীম মারুফ। ‘জনগণের সঙ্গে সরকারের সম্পর্ক না থাকলেই এ ধরনের সিদ্ধান্ত নেওয়া যায়’ মন্তব্য করে তিনি বলেন, ঠুনকো অজুহাতে জ্বালানি তেলের দাম বৃদ্ধি সরকারের জনবিচ্ছিন্নতার জ্বলন্ত প্রমাণ। দ্রুত এ সমস্যার সমাধান না করলে ইসলামী আন্দোলন কঠোর আন্দোলনে যাবে। সোমবার (২১ সেপ্টেম্বর) রাজধানীতে জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ মিছিল-পূর্ব সমাবেশে তিনি এ মন্তব্য করেন। এর আগে ২০ সেপ্টেম্বর সরকারের প্রজ্ঞাপনে ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের দাম লিটারপ্রতি ২০ টাকা করে বাড়ানোর কথা জানানো হয়। নতুন দাম ২১ সেপ্টেম্বর থেকে কার্যকর হয়েছে। শেখ ফজলুল করীম মারুফ বলেন, সরকার সাত মাসের ব্যবধানে দুই দফায় জ্বালানি তেলের দাম বৃদ্ধি করেছে। দাম বাড়ানোর কারণে তেলের সঙ্গে সম্পর্কিত অসাধু চক্র জনগণের দুর্ভোগ আরও বাড়িয়ে দিচ্ছে। পরিবহন ভাড়া বৃদ্ধি, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি থেকে শুরু করে জীবনযাপনের প্রায় সব স্তরেই এর নেতিবাচক প্রভাব পড়ছে। তিনি বলেন, বিভিন্ন দেশে যুদ্ধ চলমান থাকার পরও গত এক সপ্তাহের আন্তর্জাতিক বাজারের তেলের দাম বিশ্লেষণ করলে দেখা যায়, তেলের দাম সর্বনিম্ন পর্যায়ে রয়েছে। এরপরও কাদের সুবিধা দেওয়ার জন্য এ ধরনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা তাদের বোধগম্য নয়। নগর সভাপতি আরও বলেন, রামিসা হত্যাকাণ্ডের পর অপ্রতিম হত্যাকাণ্ড সরকারের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অসহায়ত্বের চিত্র তুলে ধরেছে। শরিয়াহ আইন বাস্তবায়ন না হলে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতেই থাকবে বলেও মন্তব্য করেন তিনি। নগর সেক্রেটারি কে এম শরীয়াতুল্লাহ বলেন, সরকার ইউক্রেন ও ইরানের যুদ্ধসহ বিভিন্ন কারণ দেখিয়ে দায় এড়াতে চায় বলে মনে হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে আগের সরকারের ওপর দায় চাপিয়ে দায়িত্ব এড়িয়ে যাওয়ার প্রবণতাও দেখা যাচ্ছে। অথচ তাদের সময়ে জ্বালানির দাম ও সংকট এতটা প্রকট ছিল না। তিনি আরও বলেন, সংশ্লিষ্ট মন্ত্রীরা সাংবাদিকদের সামনে এসে বিভিন্ন বক্তব্য দিয়ে সংকট আরও বাড়িয়ে দিচ্ছেন। জনগণকে ধোঁকা দেওয়ার পরিণতি আগের সরকারের পতন থেকে দেখে নেওয়া উচিত। স্ফুলিঙ্গ থেকে দাবানল হতে বেশি সময় লাগবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি।

জ্বালানি তেলের বর্ধিত মূল্য

ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, সংকট মোকাবিলায় জনগণের ওপর নতুন বোঝা চাপানোর পরিবর্তে ব্যয় পুনর্বিন্যাস করে বিকল্প সমাধান খুঁজতে হবে। সোমবার (২১ সেপ্টেম্বর) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড আইডিতে এক পোস্টে নাহিদ ইসলাম লেখেন, সরকারের নজিরবিহীন অদক্ষতা ও অব্যবস্থাপনার খেসারত আবারও দিতে হচ্ছে দেশের ১৮ কোটি মানুষকে। সংকট মোকাবিলায় কার্যকর ও সৃজনশীল বিকল্প খুঁজে বের করার পরিবর্তে সরাসরি জনগণের ওপর অসহনীয় বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। তিনি জানান, সরকার ক্ষমতায় আসার পর মাত্র কয়েক মাসের মধ্যেই এ নিয়ে তৃতীয় দফায় জ্বালানি তেলের দাম বাড়িয়েছে। এনসিপি আহ্বায়ক লেখেন, জ্বালানির মূল্যবৃদ্ধির পেছনে সরকার মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম বৃদ্ধি এবং পরিবহন ব্যয়সহ নানা যুক্তি দেখাচ্ছে। সরকারের দাবি, সাম্প্রতিক কয়েক মাসে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) বড় ধরনের লোকসানের মুখে পড়েছে। আরও গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, জ্বালানি তেল আমদানিতে সরকার ৩২ শতাংশ পর্যন্ত বিভিন্ন ধরনের কর ও শুল্ক আদায় করছে। তিনি প্রশ্ন করে বলেন, বর্তমান সংকটের সময়ে নাগরিকদের ওপর চাপ কমাতে অন্তত সাময়িকভাবে এসব কর ও শুল্ক কমানোর উদ্যোগ নেওয়া হলো না কেন? বিরোধীদলীয় চিফ হুইপ আরও লেখেন, সরকার জ্বালানির দাম বাড়িয়ে বছরে প্রায় ১০ হাজার কোটি টাকা সাশ্রয় করতে চাইছে। অথচ নতুন পে স্কেল বাস্তবায়নে চলতি অর্থবছরে অতিরিক্ত ৪৪ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। মধ্যপ্রাচ্যের যুদ্ধ, আন্তর্জাতিক অর্থনৈতিক অস্থিরতা এবং দেশের অর্থনীতির ওপর বাড়তে থাকা চাপের মধ্যেই নতুন পে স্কেল বাস্তবায়নকে কেন এত জরুরি হয়ে পড়লো? সংকট সমাধান পর্যন্ত পে স্কেল কেন স্থগিত রাখা হলো না? যুদ্ধ ও আন্তর্জাতিক সংকটের অজুহাতে জনগণের ওপর বাড়তি বোঝা চাপানো সম্ভব হলে, রাষ্ট্রের অন্যান্য ব্যয় পুনর্বিন্যাস করে জনগণকে কিছুটা স্বস্তি দেওয়ার উদ্যোগ নেওয়া হবে না কেন? জনগণের ওপর চাপিয়ে দেওয়া জ্বালানি তেলের এই মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাখ্যানের কথা জানিয়ে তিনি বলেন, অবিলম্বে এই অযৌক্তিক মূল্যবৃদ্ধি প্রত্যাহার করতে হবে।

সরকারি হাসপাতালের সামনে

সেন্টারের অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর সিদ্ধান্ত নিয়েছে– সরকারি হাসপাতালের সামনে নতুন করে কোনো ক্লিনিকের অনুমোদন দেওয়া হবে না। এ কার্যক্রম পুরোপুরি বন্ধ থাকবে। পাশাপাশি বর্তমানে যেসব ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের অনুমোদন রয়েছে, সেগুলো যথাযথভাবে কার্যক্রম পরিচালনা না করলে বন্ধ করে দেওয়া হবে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে আকস্মিক মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্যসেবার মানোন্নয়নে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এর অংশ হিসেবে আগামী অক্টোবর মাস থেকে গজারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যা থেকে ১৫১ শয্যায় উন্নীত করার কাজ শুরু হবে। আগামী দুই বছরের মধ্যে এখানে একসঙ্গে ১০ জন রোগীকে ডায়ালাইসিস দেওয়ার ব্যবস্থা করা হবে। একই সময়ের মধ্যে আধুনিক প্যাথলজি ল্যাব স্থাপনের পাশাপাশি পুরুষ ও নারীদের জন্য পৃথক ফিজিওথেরাপি সেন্টার চালু করা হবে। পরিদর্শনকালে মন্ত্রীর সঙ্গে ছিলেন মুন্সীগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য কামরুজ্জামান রতন। এ সময় আরও উপস্থিত ছিলেন গজারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা উম্মে হাফছা নাদিয়া, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আহমেদ তিথী, আবাসিক মেডিকেল অফিসার ডা. নুসরাত ফারজানা খানসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা। এ ছাড়াও গজারিয়া উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আসলামুজ্জোহা চৌধুরী তপন, উপজেলা বিএনপির সদস্য মোতাহের হোসেন জাহাঙ্গীর, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রেজাউল করিম তারেকসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা ছিলেন।

বিরোধী দলগুলো আত্মস্বীকৃত

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। বাস ও ট্রেনে আগুন দেওয়া এবং ককটেল বিস্ফোরণের প্রসঙ্গ তুলে তিনি বলেন, ‘কারা এসব ঘটাচ্ছে? এরা কারা? এরা সব পতিত স্বৈরাচার। এরপরও আত্মস্বীকৃত সন্ত্রাসীদের বক্তব্য আসছে। বিরোধী দলের মধ্য থেকেই হুমকি আসছে।’ মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকালে জাতীয় প্রেস ক্লাবে ‘গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠায় সরকার ও বিরোধী দলের ভূমিকা’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। জাতীয়তাবাদী সমমনা জোট এ সভার আয়োজন করে। রাজশাহী রেলওয়ে স্টেশনে হামলার প্রসঙ্গ তুলে রিজভী বলেন, ‘গত রোববার রাতে গুপ্ত বলে পরিচিত সংগঠনের ছাত্র সংগঠনটি রাজশাহী রেলওয়ে স্টেশনে তাণ্ডব চালিয়েছে। ভাঙচুর ও ধ্বংসাত্মক কর্মকাণ্ড করেছে। এর দায় কে নেবে? আপনারা যদি পারেন, পরিকল্পিত সন্ত্রাসের বিরুদ্ধে একটি লংমার্চ করে দেখান।’ জামায়াতের উদ্দেশে বিএনপির এই নেতা বলেন, ‘আপনারা দুটি নীতি নিয়েছেন। একটি হলো মিথ্যার আশ্রয় নিয়ে বিরোধী বক্তব্য দেওয়া, অন্যদিকে নিজেদের সোনালি বা রুপালি রঙের ছেলেদের উসকে দিয়ে ধ্বংসযজ্ঞ চালানো। আপনারা দেশের সব রাজনৈতিক অগ্রগতির বিরুদ্ধে অবস্থান নিয়েছেন।’ তিনি আরও বলেন, ‘পাকিস্তান আন্দোলনের সময় যখন এ দেশের সব জনগোষ্ঠী এক হয়েছিল, তখনো আপনারা সেই জাতীয়তাবাদী আন্দোলনের বিরোধিতা করেছিলেন। ভাষা আন্দোলন থেকে শুরু করে সব স্বাধিকার ও স্বাধীনতা আন্দোলনে আপনারা বাধা দিয়েছেন। কখনোই জনগণের পক্ষে আপনাদের কোনো ভূমিকা ছিল না। কিন্তু আপনারা ইসলামের নাম ব্যবহার করেন। জনগণের সঙ্গে বারবার প্রতারণা করার কারণে কোনো দিনই জনগণের আস্থা অর্জন করতে পারেননি।’ দেশের অর্থনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে রিজভী বলেন, ‘একটি ন্যায্য সরকারি কার্যক্রম বা পরিচালনাকে অপপ্রচারের ঘেরাটোপ দিয়ে বাধাগ্রস্ত করা হচ্ছে। এখনো কেউ বলতে পারবে না যে বাংলাদেশের ব্যাংক থেকে টাকা পাচার হচ্ছে বা আর্থিক প্রতিষ্ঠানগুলো লুটপাট হচ্ছে। আমাদের আর্থিক খাত ও ব্যাংকিং কার্যক্রম আবার ঘুরে দাঁড়াচ্ছে। পাশাপাশি রেমিট্যান্স প্রবাহ অনেক বেড়েছে। আমাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভ আড়াই গুণ বৃদ্ধি পেয়েছে।’

বরিশালে ছয় হাজার টয়লেট ও

প্রকল্পের আওতায় হতদরিদ্র পরিবারের জন্য প্রায় ৬ হাজার স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণ করা হবে। সংশ্লিষ্টরা বলছেন, প্রকল্পগুলো বাস্তবায়িত হলে জেলার প্রত্যন্ত এলাকার মানুষের নিরাপদ পানির প্রাপ্যতা বাড়ার পাশাপাশি নিম্নআয়ের পরিবারগুলোর স্যানিটেশন ব্যবস্থারও উন্নতি হবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সূত্রে জানা গেছে, জেলার প্রতিটি ইউনিয়নে আটটি করে গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা রয়েছে। পানির স্তর, এলাকার প্রয়োজনীয়তা ও মানুষের চাহিদা বিবেচনা করে এসব নলকূপ স্থাপন করা হবে। বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানায়, সাধারণ টিউবওয়েলের ক্ষেত্রে গ্রাহকের খরচ হবে ৭ হাজার টাকা এবং সাবমার্সিবল ব্যবস্থায় খরচ হবে ১০ হাজার টাকা। একটি গভীর নলকূপ স্থাপনে সরকারের ব্যয় হবে প্রায় ৮৫ হাজার টাকা। আর সাবমার্সিবল গভীর নলকূপ স্থাপনে সরকারের ব্যয় হতে পারে দুই লাখ টাকারও বেশি। বরিশালের বিভিন্ন গ্রাম ও প্রত্যন্ত ইউনিয়নে নিরাপদ পানির সংকট এখনও রয়েছে। বিশেষ করে শুষ্ক মৌসুমে ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে গেলে অনেক এলাকায় সাধারণ নলকূপে পর্যাপ্ত পানি পাওয়া যায় না। নদী ও চরাঞ্চলের কিছু এলাকায় লবণাক্ততা এবং পানির উৎস দূষণের কারণেও নিরাপদ পানি পাওয়া কঠিন হয়ে পড়ে। এদিকে, বরিশাল নগরীতেও নিরাপদ পানি সরবরাহ একটি গুরুত্বপূর্ণ বিষয়। নগরীর পানির চাহিদা পূরণে রূপাতলী ও বেলতলা এলাকায় সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে। এর মধ্যে রূপাতলী-১ প্ল্যান্ট সম্প্রতি পুনরায় চালু করা হয়েছে। অন্যদিকে, পানির গুণগত মান পরীক্ষার সরকারি সক্ষমতা নিয়েও উদ্বেগ রয়েছে। পরিবেশ অধিদপ্তরের আঞ্চলিক গবেষণাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতির সংকটের কারণে দীর্ঘদিন ধরে নিয়মিত পানির মান পরীক্ষা ব্যাহত হচ্ছে বলে জানা গেছে। স্যানিটেশন পরিস্থিতিও বরিশালের জন্য একটি বড় চ্যালেঞ্জ। জাতীয় পরিসংখ্যান অনুযায়ী, নিরাপদ ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারের ক্ষেত্রে বরিশাল বিভাগ দেশের অন্যান্য বিভাগের তুলনায় পিছিয়ে রয়েছে। নদীমাতৃক ও দুর্যোগপ্রবণ হওয়ায় বর্ষা ও জলোচ্ছ্বাসের সময় গ্রামীণ এলাকার অনেক ল্যাট্রিন তলিয়ে যায়। এতে মলমূত্র পানির সঙ্গে মিশে পরিবেশ ও জনস্বাস্থ্য ঝুঁকি বাড়ার আশঙ্কা থাকে। এ পরিস্থিতিতে গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় জেলার প্রায় ৬ হাজার হতদরিদ্র পরিবারের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রতিটি টয়লেট নির্মাণে ব্যয় হবে প্রায় ৬৫ হাজার টাকা। এর মধ্যে উপকারভোগী পরিবারকে ৫ হাজার টাকা সার্ভিস চার্জ দিতে হবে। বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ ইমরান তরফদার বলেন, নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন মানুষের মৌলিক প্রয়োজন। যেসব এলাকায় পানির সংকট রয়েছে এবং যেসব দরিদ্র পরিবার এখনও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধার বাইরে রয়েছে, তাদের অগ্রাধিকার দিয়ে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। তিনি বলেন, প্রকল্পের আওতায় জেলার প্রতিটি ইউনিয়নে প্রয়োজন অনুযায়ী গভীর নলকূপ স্থাপনের পাশাপাশি হতদরিদ্র পরিবারের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণ করা হবে। সংশ্লিষ্টরা জানান, প্রকল্পের সফলতা অনেকাংশে নির্ভর করবে সঠিক স্থান নির্বাচন, প্রকৃত উপকারভোগী নির্বাচন এবং নির্মিত অবকাঠামোর যথাযথ রক্ষণাবেক্ষণের ওপর। পাশাপাশি বরিশালের নদী ও চরাঞ্চলের জন্য জলবায়ু সহনশীল পানি ও স্যানিটেশন অবকাঠামো গড়ে তোলার ওপরও গুরুত্ব দেওয়া প্রয়োজন। নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিত করা গেলে বরিশালের প্রত্যন্ত এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি পানিবাহিত বিভিন্ন রোগের ঝুঁকি কমানো সম্ভব হবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

নিখোঁজের দুই দিন পর

মার্কেটের একটি দোকানের কাছে যায় ইসমাইল। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যাচ্ছিল না। পরিবারের সদস্যরা গত দুই দিন ধরে আশপাশের বিভিন্ন এলাকায় খোঁজাখুঁজি করেও তার সন্ধান পাননি। মঙ্গলবার সকালে খালের ভেতরে ভাসমান একটি বস্তা থেকে দুর্গন্ধ বের হলে স্থানীয়রা পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বস্তাটি উদ্ধার করে। বস্তার ভেতর থেকে নিখোঁজ শিশু ইসমাইলের মরদেহ পাওয়া যায়। শিশুটির চাচা মো. সৈকত ইসলাম বাবু বলেন, ইসমাইলের বাবার সঙ্গে একই এলাকার রোকন নামের এক যুবকের মোবাইল কেনাবেচা নিয়ে ঝামেলা ছিল। এর সূত্রে ধরে ইসমাইল নিখোঁজ হওয়ার দুই দিন আগে রোকন ইসমাইলের বাবাকে হুমকি দিয়ে বলেন, ‘তোকে আমি এমন করব সারাজীবন কাঁদবি।’ এর একদিন পরই ইসমাইল নিখোঁজ হয়। এ ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন তিনি। বোরহানউদ্দিন থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) রিপন কুমার সাহা বলেন, উদ্ধার শিশুর মরদেহের ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। তিনি বলেন, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় রোকন নামের এক যুবককে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়েছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে এবং স্বজনরা মামলা করলে তদন্তসাপেক্ষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

সন্ত্রাসবিরোধী মিছিলে অসুস্থ

সদর রোডের অশ্বিনী কুমার হল সংলগ্ন বিএনপির দলীয় কার্যালয়ের সামনে সমাবেশ করে বরিশাল মহানগর যুবদল। পরে নগরীতে মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

ককটেল বিস্ফোরণ, বাসে আগুন

তিনি। তার ভাষ্য, ‘আমি বলবো না যে দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরি হয়েছে। জনজীবনে এমন কোনও প্রভাব পড়েনি।’ দেশের ভেতর ও বাইরে থেকে এ ধরনের বার্তা দেওয়ার চেষ্টা থাকতে পারে উল্লেখ করে তিনি বলেন, আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক রয়েছে এবং জড়িতদের শনাক্তে আলামত ও তথ্য-প্রমাণ বিশ্লেষণ করা হচ্ছে। পাবনায় নিখোঁজ হওয়ার সাত দিন পর ১০ বছরের এক শিশুর মরদেহ পুকুর থেকে উদ্ধার করা হয়। পুলিশ বলছে, ধর্ষণের পর শ্বাসরোধে হত্যার ঘটনায় দুই সন্দেহভাজনকে গ্রেফতার করা হয়েছে। এরপর প্রধান অভিযুক্ত মোস্তফার বাড়িতে হামলা ও ব্যাপক ভাঙচুর চালায় বিক্ষুব্ধ জনতা। পুলিশ পরিবারের সদস্যদের সরিয়ে নিলেও বড় জনসমাগম ঠেকাতে পারেনি। কুমিল্লায় ১৩ বছরের স্কুলছাত্র ইশায়াত শাহরিয়ার অপ্রতিম নিখোঁজ হওয়ার প্রায় একদিন পর কুমিল্লা বিশ্ববিদ্যালয়সংলগ্ন পাহাড়ি এলাকা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। ছবি তুলতে সে মায়ের আইফোন নিয়ে বাড়ি থেকে বের হয়েছিল। পুলিশ চার তরুণকে আটক করে এবং এক সন্দেহভাজনের বাড়ি থেকে ফোনটি উদ্ধার করে। খুলনায় একটি ছাত্রাবাসে অন্যের ভাত খাওয়ার অভিযোগকে কেন্দ্র করে ২১ বছর বয়সী বিশ্ববিদ্যালয় ছাত্র আজমুল হোসেনকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। পুলিশ ঘটনাটি তদন্ত করছে। আইন ও সালিশ কেন্দ্রের সংবাদপত্রভিত্তিক হিসাবে, চলতি বছরের প্রথম সাত মাসে অন্তত ৪০০ নারী ধর্ষণের শিকার হয়েছেন। তাদের মধ্যে ৩৭ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। একই সময়ে মব সহিংসতায় ১৩৪ জনের মৃত্যুর তথ্যও সংস্থাটির প্রতিবেদনে রয়েছে। পুলিশ সদর দফতরের হিসাবে, জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত ১৭ বছর বয়স পর্যন্ত ১৫ হাজার ৭১৭ শিশু নিখোঁজ হিসেবে নথিভুক্ত হয়েছিল। এর মধ্যে ১৩ হাজার ৬৭৯ জন উদ্ধার হয়েছে বা পরিবারের কাছে ফিরে এসেছে। এখনও খোঁজ মেলেনি ২ হাজার ৩৮ জনের। পুলিশ বলছে, নিখোঁজের সব ঘটনা অপহরণ বা অপরাধ নয়। কিশোর-কিশোরীর স্বেচ্ছায় বাড়ি ছেড়ে যাওয়া, পারিবারিক বিরোধ ও পড়াশোনার চাপসহ বিভিন্ন ঘটনাও নিখোঁজ হিসেবে নথিভুক্ত হয়। তবে দুই হাজারের বেশি শিশুর অবস্থান অজানা থাকা পরিবারগুলোর নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি করেছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুযায়ী, ১৯ সেপ্টেম্বর পর্যন্ত চলতি বছরে ডেঙ্গুতে হাসপাতালে ভর্তি হয়েছেন ৬০ হাজার ৩৭৯ জন। মৃত্যু হয়েছে ১৭৮ জনের। শুধু ২৪ ঘণ্টায় ভর্তি হয়েছেন ১ হাজার ২৩২ জন এবং মৃত্যু হয়েছে দুই জনের। হামের পরিস্থিতিও উদ্বেগজনক। ১৯ সেপ্টেম্বর পর্যন্ত নিশ্চিত হাম এবং হামসদৃশ উপসর্গে সন্দেহভাজন মৃত্যু মিলিয়ে সংখ্যা ১ হাজার ৫৩। এর মধ্যে পরীক্ষাগারে নিশ্চিত হামজনিত মৃত্যু ১০১ এবং সন্দেহভাজন মৃত্যু ৯৫২। একই সময় নিশ্চিত আক্রান্তের সংখ্যা ২০ হাজার ৪৭৪। পাওয়ার গ্রিড বাংলাদেশের তথ্য অনুযায়ী, ১০ সেপ্টেম্বর বিকেল ৩টায় বিদ্যুতের চাহিদা ছিল ১৬ হাজার ৩৪৫ মেগাওয়াট। সরবরাহ ছিল ১২ হাজার ৭৮৮ মেগাওয়াট। ওই সময় লোডশেডিং ছিল ৩ হাজার ৫৫৭ মেগাওয়াট। আন্তর্জাতিক বাজারে এলএনজির মূল্যবৃদ্ধি ও সরবরাহ বিঘ্নের কারণে বিদ্যুৎ ও শিল্পকারখানায় গ্যাস সংকট দেখা দিয়েছে। এর মধ্যে সোমবার (২১ সেপ্টেম্বর) জ্বালানি তেলের দাম সমন্বয় করেছে সরকার। বিদ্যুৎ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, মধ্যপ্রাচ্য সংকটে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম, বীমা প্রিমিয়াম ও জাহাজভাড়া বেড়ে যাওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মার্চ থেকে আগস্ট পর্যন্ত মূল্য সমন্বয় না করায় বিপিসিকে প্রায় ২২ হাজার ৮৭৫ কোটি টাকা লোকসান বহন করতে হয়েছে বলে জানান তিনি। আন্তর্জাতিক বাজারে ডিজেলের গড় মূল্য প্রতি লিটার প্রায় ২০৫ টাকা হলেও দেশে নতুন মূল্য ১৩৫ টাকা। ফলে এখনও প্রতি লিটারে প্রায় ৭০ টাকা ভর্তুকি দিতে হবে। প্রতিমন্ত্রীর ভাষ্য, আগের মতো ভর্তুকি অব্যাহত রাখলে বছরে শুধু ডিজেলেই প্রায় ৪০ হাজার কোটি এবং সব ধরনের জ্বালানি মিলিয়ে প্রায় ৫০ হাজার কোটি টাকা প্রয়োজন হতো। এতে সামাজিক নিরাপত্তা, স্বাস্থ্যসেবা ও অন্যান্য জনকল্যাণমূলক কার্যক্রমে চাপ পড়ত। প্রতিবেশী দেশগুলোর সঙ্গে দামের বড় ব্যবধান থাকায় জ্বালানি পাচারের ঝুঁকিও ছিল। তিনি স্বীকার করেন, দাম বাড়ায় পরিবহন ভাড়া ও নিত্যপণ্যের বাজারে প্রভাব পড়তে পারে। অযৌক্তিক ভাড়া ও মূল্যবৃদ্ধি ঠেকাতে বাজার মনিটরিং জোরদার করা হবে বলে জানান তিনি। আন্তর্জাতিক বাজার ও মধ্যপ্রাচ্যের পরিস্থিতি স্বাভাবিক হলে জ্বালানির দাম কমানোর চেষ্টা করা হবে বলেও জানান।

বাস্তবসম্মত ও কর্মমুখী শিক্ষায়

পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষার মান বাড়াতে হবে, দেশের শিক্ষার্থীদের এগিয়ে যেতে হবে। তিনি আরো বলেন, বেকারত্ব সৃষ্টি হয় ও কর্ম উপযোগী নয় এমন শিক্ষা ব্যবস্থা থেকে আমাদের ক্রমান্বয়ে বেরিয়ে আসতে হবে। সাক্ষাৎকালে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আসন্ন সমাবর্তন অনুষ্ঠানে আচার্য (চ্যান্সেলর) হিসেবে উপস্থিত থাকার জন্য রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি আমন্ত্রণ গ্রহণ করেন এবং সমাবর্তনে উপস্থিত থাকার আশ্বাস দেন। এ সময় রাষ্ট্রপতির সামরিক সচিব, সচিব ও প্রেস সচিব এবং বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ও ট্রেজারার উপস্থিত ছিলেন।

তেল কম দেওয়ায় বরিশালে

ঠিক থাকায় কোন জরিমানা আদায় করা হয়নি। অভিযান পরিচালনাকালে বাবুগঞ্জের সহকারী কমিশনার ভূমি কামরুন্নাহার তামান্না, বিএসটিআইয়ের উপ-পরিচালক মো. হাবিবুর রহমান, বিএস টি আই এর পরিদর্শক আলামিন সরকার উপস্থিত ছিলেন। এ বিষয়ে বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ আমার দেশকে বলেন বিভিন্ন প্লেন স্টেশনের বিরুদ্ধে পরিমাপে কম দেওয়ার অভিযোগ রয়েছে। বক্তাদের কথা বিবেচনা করে বিভিন্ন ফিল্ম স্টেশনে অভিযান পরিচালনা করা হয়। ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

কাশিপুরে আইনজীবী সহকারি

পুলিশ জানায়, নিহত নুরুজ্জামান হাওলাদারের সঙ্গে নাছিমা বেগমের ১৯৯৪ সালে বিয়ে হয়। তাদের সংসারে ইশরাত জাহান পপি (২৮) ও ইমন হোসেন (২৬) নামে দুই সন্তান রয়েছে। ইমন মালয়েশিয়ায় প্রবাসী। ইশরাত স্বামীর সঙ্গে ঢাকার ভাটারা এলাকায় বসবাস করেন। দীর্ঘদিন ধরে নুরুজ্জামান একাধিক নারীর সঙ্গে পরকীয়ায় জড়িত ছিলেন। এ নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে প্রায়ই ঝগড়া হতো। মামলার এজাহার ও পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, গত ১৪ সেপ্টেম্বর রাত আনুমানিক ১০টার দিকে বরিশাল জেলা জজ আদালতের আইনজীবী সহকারী নুরুজ্জামান বাসায় ফেরেন। এ সময় পরকীয়ার বিষয় নিয়ে স্ত্রী নাছিমার সঙ্গে তার আবারও ঝগড়া হয়। একপর্যায়ে নুরুজ্জামান স্ত্রীকে মারধর করে ঘুমিয়ে পড়েন বলে পুলিশ জানায়। পরে নুরুজ্জামান ঘুমিয়ে পড়লে নাছিমা রান্নাঘর থেকে শীল এনে তার মাথার ডান পাশের ওপরের অংশে আঘাত করেন। এতে তিনি গুরুতর আহত হন। পরে মৃত্যু নিশ্চিত করতে নাছিমা বালিশ দিয়ে তার মুখ চাপা দেন বলে প্রাথমিক জিজ্ঞেসাবাদে জানতে পারেন পুলিশ। পুলিশ আরও জানায়, নুরুজ্জামানের মৃত্যু নিশ্চিত হওয়ার পর নাছিমা তার ও স্বামীর ব্যবহৃত মোবাইল ফোন, কিছু দলিলপত্র এবং বাসার চাবি একটি ব্যাগে নিয়ে বাসা থেকে বেরিয়ে যান। এরপর নাছিমা তার বোনের মেয়ে খাদিজা বেগমকে ফোন করে এয়ারপোর্ট থানার বাঘিয়া এলাকার আবহাওয়া অফিসের সামনে আসতে বলেন। সেখানে খাদিজার কাছে ব্যাগটি দিয়ে তিনি সকালে আত্মসমর্পণ করবেন বলে জানান। এরপর আত্মগোপনে চলে যান নাছিমা। এ ঘটনায় ১৫ সেপ্টেম্বর এয়ারপোর্ট থানায় হত্যা মামলা দায়ের করা হয়। এতে দণ্ডবিধির ৩০২ ধারায় অভিযোগ আনা হয়েছে। পরে তথ্যপ্রযুক্তি ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে ঢাকার ভাটারা থানা এলাকা থেকে নাছিমা বেগমকে গ্রেফতার করা হয়।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাইক্রোপ্লাস্টিক

মাইক্রোপ্লাস্টিক গবেষণাগারের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্পের উপ-প্রকল্প ব্যবস্থাপক ড. হালিমা বেগম। প্রশিক্ষক হিসেবে ছিলেন অমিত বি. রানে, ফিল্ড সার্ভিস বিশেষজ্ঞ, স্পেকট্রালিটি সায়েন্টিফিক ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আসিফ চৌধুরী, নির্বাহী পরিচালক, টেকনোওয়ার্থ অ্যানালিটিক্যাল লিমিটেড। এছাড়া রসায়ন বিভাগের চেয়ারম্যান ড. মাসুদ পারভেজসহ সংশ্লিষ্ট গবেষক, শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে উপাচার্য প্রফেসর ড. মোঃ মামুন অর রশীদ বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের জন্য দিনটি অত্যন্ত আনন্দের ও স্মরণীয়। গবেষণার ক্ষেত্রে এই উদ্যোগ একটি নতুন দ্বার উন্মোচন করেছে। তিনি বলেন, উপকূলীয় অঞ্চলে যে প্লাস্টিক দূষণ, সেটা নির্ণয়ের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয় প্রথম কাজ শুরু করছে। উপাচার্য বলেন, এই গবেষণা কার্যক্রম অব্যাহত থাকলে শুধু বরিশাল বিশ্ববিদ্যালয় নয়, পুরো উপকূলীয় অঞ্চলে এ ধরনের গবেষণা ও সেবা দেওয়ার সুযোগ তৈরি হবে। এর মাধ্যমে গবেষণার ক্ষেত্রে বরিশাল বিশ্ববিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে। তিনি আরও বলেন, এটা বরিশাল বিশ্ববিদ্যালয়ের জন্য একটা মাইলফলক। আজকের দিনটা অত্যন্ত স্মরণীয় হয়ে থাকবে। মাইক্রোপ্লাস্টিক মানুষের জীবন ও পরিবেশের ওপর যে ক্ষতিকর প্রভাব ফেলছে, গবেষণার মাধ্যমে তা জাতির সামনে তুলে ধরার প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি। এসময় উপাচার্য আশাবাদ ব্যক্ত করে বলেন, ইনশাআল্লাহ ভবিষ্যতে এর মাধ্যমে আমরা এই দেশ এবং জাতিকে আরও অনেক কিছু গবেষণার মাধ্যমে দিতে পারবো। “বাংলাদেশের উপকূলীয় এলাকায় মাইক্রোপ্লাস্টিক দূষণ নিয়ে একটি গবেষণা” শীর্ষক উপ-প্রকল্পের আওতায় এ গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। নতুন এই গবেষণাগারে আধুনিক ফোরিয়ের-ট্রান্সফর্ম ইনফ্রারেড (এফটিআইআর) ইমেজিং প্রযুক্তি ব্যবহার করে বিভিন্ন পরিবেশগত নমুনায় থাকা মাইক্রোপ্লাস্টিক শনাক্ত ও বিশ্লেষণ করা হবে। অনুষ্ঠানে গবেষক ও সংশ্লিষ্টদের জন্য মাইক্রোপ্লাস্টিক শনাক্তকরণে এফটিআইআর প্রযুক্তির ব্যবহার নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। সংশ্লিষ্টরা আশা করছেন, নতুন এই গবেষণাগার উপকূলীয় পরিবেশ, সামুদ্রিক সম্পদ এবং মানুষের জীবনে মাইক্রোপ্লাস্টিকের প্রভাব নিয়ে ভবিষ্যৎ গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পরিচ্ছন্ন উপকূল ও স্বাস্থ্যকর মহাসাগরের জন্য গবেষণাকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগকে গবেষণাক্ষেত্রে নতুন সম্ভাবনার সূচনা হিসেবে দেখা হচ্ছে।

বাসভাড়া বাড়ছে কিলোমিটারে

ডিজেলচালিত সাধারণ বাসের জন্য কার্যকর হবে। শীতাতপ নিয়ন্ত্রিত (এসি) বাসের ভাড়া সরকার নির্ধারণ করে না। একইভাবে ট্রাক, কাভার্ডভ্যানসহ পণ্য পরিবহনে ব্যবহৃত যানবাহনের ভাড়াও সরকারি নির্ধারিত নয়। ফলে এসব যানবাহন ও এসি বাসের ক্ষেত্রে নতুন এই ভাড়ার হার প্রযোজ্য হবে না বলে বিআরটিএ সূত্রে জানা গেছে। নতুন ভাড়া নির্ধারণের সময় ৫২ আসনের বড় বাস ও ৩০ আসনের মিনিবাসের হিসাব ধরা হয়েছে। তবে দূরপাল্লার অনেক পরিবহনে যাত্রীদের আরাম নিশ্চিত করতে ৫২ আসনের বাসের আসন সংখ্যা কমিয়ে দেওয়া হয়। ফলে আসনসংখ্যা কমানো বাসের ক্ষেত্রে ভাড়ার পরিমাণও তুলনামূলক বেশি হতে পারে। বিআরটিএ সূত্র আরও জানায়, দূরপাল্লা ও শহরের বিভিন্ন রুটে দূরত্ব অনুযায়ী নতুন ভাড়ার পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করা হবে। তবে তালিকা প্রস্তুত করে প্রকাশ করতে আরও এক থেকে দুই দিন সময় লাগতে পারে। গত ২০ সেপ্টেম্বর রাতে ডিজেলের দাম লিটারে ২০ টাকা বাড়িয়ে ১৩৫ টাকা নির্ধারণ করে সরকার। এর আগে চলতি বছরের এপ্রিলে ডিজেলের দাম লিটারে ১৫ টাকা বাড়ানো হয়েছিল। তখন বাসের ভাড়া কিলোমিটারপ্রতি ১১ পয়সা বাড়ানো হয়। বর্তমানে ঢাকা ও চট্টগ্রাম মহানগরে বাসের কিলোমিটারপ্রতি ভাড়া ২ টাকা ৫৩ পয়সা। নতুন ১৭ পয়সা বাড়ার পর তা দাঁড়াবে ২ টাকা ৭০ পয়সায়। মিনিবাসের বর্তমান ভাড়া ২ টাকা ৪২ পয়সা থেকে বেড়ে হবে ২ টাকা ৫৯ পয়সা। অন্যদিকে দূরপাল্লার ৫২ আসনের বাসে বর্তমানে কিলোমিটারপ্রতি ভাড়া ২ টাকা ২৩ পয়সা। নতুন হার কার্যকর হলে তা বেড়ে দাঁড়াবে ২ টাকা ৪০ পয়সা।

বাকেরগঞ্জে পানি নিষ্কাশনের

আকন প্রমূখ। মানববন্ধনে বক্তারা বলেন, পানি নিষ্কাশনের অভাবে চাষাবাদ করতে না পারায় বাকেরগঞ্জ উপজেলার গারুড়িয়া ইউনিয়নের রবিপুর গ্রামে প্রায় একশত একর জমি অনাবাদি রয়েছে। দীর্ঘদিন ধরে তাদের জমি অনাবাদি থাকায় কৃষকরা মানবেতর জীবনযাপন করছেন। অনাবাদি জমিতে চাষবাদের জন্য পানি নিষ্কাশন জরুরী। মানববন্ধনে উপস্থিত কৃষকরা তাদের অনাবাদি জমিতে চাষাবাদের জন্য পানি নিষ্কাশনে দ্রুত খাল খনন ও কালভার্ট নির্মাণে সংসদ সদস্য আবুল হোসেন খান ও উপজেলা নির্বাহী অফিসার মিলটন চন্দ্র পালের সুদৃষ্টি কামনা করেছেন।

মডেল মসজিদের ইমামের বিরুদ্ধে

সদর থানা পুলিশ। মামলার নথি সূত্রে জানা যায়, ২০২৫ সালের ২৭ নভেম্বর পটুয়াখালীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলাটি করেন জাহানারা বেগম (৬৩)। মামলাটি ৮৬৪/২০২৫ নম্বরে নথিভুক্ত হয়। এতে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর (২০০৩ সালের সংশোধনীসহ) ৯(৪)(খ) ও ৩০ ধারায় অভিযোগ আনা হয়। মামলার এজাহার ও নথি অনুযায়ী, জাহানারা বেগমের ১২ বছর বয়সী নাতনি নাইমা রাবেয়া পটুয়াখালী মডেল মসজিদে আরবি পড়তে যেত। ২০২৫ সালের ১২ নভেম্বর সন্ধ্যার দিকে তাকে মক্তবের পাশের একটি স্টোররুমে নিয়ে গিয়ে মডেল মসজিদের ইমাম ও খতিব তানভীর হোসেন, খাদেম সাব্বির ও আহমাদুল্লাহ ধর্ষণ করেছেন বলে অভিযোগ করেন জাহানারা বেগম। মামলায় আরও অভিযোগ করা হয়, ঘটনার পর শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয় এবং কয়েকদিন চিকিৎসাধীন রাখা হয়। পরে স্থানীয়ভাবে বিষয়টি মীমাংসার চেষ্টা করা হলেও সমাধান হয়নি। এরপর আদালতে মামলা করেন জাহানারা বেগম।পরে আদালতের নির্দেশে মামলাটির তদন্তভার পায় পিবিআই। তদন্ত প্রতিবেদনে বলা হয়, তদন্ত কর্মকর্তা ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে কথা বলেন। তদন্তে বাদীর করা অভিযোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো প্রমাণ পাওয়া যায়নি বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, বাদীর নাতি নিজ ইচ্ছায় মডেল মসজিদে গিয়েছিল এবং পরে তাকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। তবে মামলায় ধর্ষণের যে অভিযোগ আনা হয়েছিল, তদন্তে তার সমর্থনে কোনো প্রমাণ পাওয়া যায়নি বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। জাহানারা বেগম বলেন, চুরির অপবাদে আমার দুই নাতিকে আটকে রাখা হয়েছিল। এজন্য আমি মামলা করেছি। মডেল মসজিদের ইমাম ও খতিব তানভীর হোসেন বলেন, মডেল মসজিদের বিভিন্ন মালামাল চুরি হচ্ছিল। স্থানীয় মুসল্লিদের সহযোগিতায় জাহানারা বেগমের নাতিকে হাতেনাতে আটক করে পুলিশের কাছে দেওয়া হয়। পরে তার বয়স কম হওয়ায় পুলিশ মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেয়। এর কিছুদিন পরই তাদের তিনজনের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ধর্ষণের মামলা করা হয়। পরে পিবিআই তদন্ত করে অভিযোগের পক্ষে কোনো প্রমাণ পায়নি। তিনি আরও বলেন, এই মামলার কারণে আমরা দীর্ঘদিন হয়রানির শিকার হয়েছি। ভবিষ্যতে যেন কেউ মিথ্যা মামলার মাধ্যমে হয়রানির শিকার না হন, সে বিষয়ে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। পটুয়াখালী সদর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, আমরা মূলত একটি মামলার গ্রেপ্তারি পরোয়ানার আসামিকে গ্রেফতার করেছি। পরোয়ানাটি পর্যালোচনা করে জানতে পেরেছি, তিনি ওই মামলার বাদী এবং তার বিরুদ্ধেই গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে। বর্তমানে তিনি থানায় আছেন। তাকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

জ্বালানি তেলের মূল্য বৃদ্ধিতে

নিবন্ধিত জেলে রয়েছে। এর বাইরেও অনিবন্ধিত জেলের সংখ্যা রয়েছে অর্ধলক্ষের বেশি। কলাপাড়া উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. জহিরুন্নবী জানান, জেলেদের দাবি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

বরিশাল-পটুয়াখালী মহাসড়ক সংস্কার

আরাফাত দপদপিয়া সেতু এলাকায় সড়ক দুর্ঘটনায় নিহত হন। ওই ঘটনার পর মহাসড়ক সংস্কারের দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। তখন তাঁদের সঙ্গে কথা বলে সওজের নির্বাহী প্রকৌশলী নাজমুল ইসলাম কয়েকটি বিষয়ে লিখিত প্রতিশ্রুতি দেন। প্রতিশ্রুতি অনুযায়ী, সড়কের বিটুমিন উঠে গেলে তা সংস্কার, ১০ অক্টোবরের মধ্যে সড়কের দুই পাশে ফুটপাত নির্মাণের কাজ শুরু এবং ১০ নভেম্বরের মধ্যে মূল সড়কে আরসিসি ঢালাই করার কথা ছিল। পাশাপাশি সড়কের দুই পাশে আলোর ব্যবস্থা এবং কাজের অগ্রগতি তদারকিতে সওজ কর্মকর্তা ও শিক্ষার্থীদের সমন্বয়ে একটি প্রতিনিধি দল গঠনের কথাও জানানো হয়েছিল। তবে শিক্ষার্থীদের দাবি, প্রতিশ্রুতির পর গর্তে একবার বিটুমিন দেওয়া ছাড়া আর কোনো দৃশ্যমান সংস্কারকাজ হয়নি। মঙ্গলবার দপদপিয়া সেতুর টোল প্লাজা থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়সংলগ্ন ভোলা রোড পর্যন্ত সড়ক ঘুরে বিভিন্ন স্থানে গর্ত দেখা যায়। দপদপিয়া সেতুর ওপরও কয়েকটি বড় গর্ত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৩ নম্বর গেটের সামনে সড়কের পাশে পানি জমে থাকতে দেখা যায়। সড়কের বিভিন্ন অংশে ছোট-বড় গর্ত থাকায় যানবাহন চলাচলে ঝুঁকি তৈরি হয়েছে বলে জানান শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের ভাষ্য, সড়কের খানাখন্দের কারণে প্রায়ই দুর্ঘটনা ঘটছে। গত এক মাসে এ সড়কে অন্তত পাঁচটি থ্রি-হুইলার উল্টে যাওয়ার ঘটনা ঘটেছে বলে তাঁদের দাবি। এসব ঘটনায় প্রায় ১০ জন আহত হয়েছেন বলেও জানান তারা। শিক্ষার্থীদের প্রতিনিধি দলের সদস্য মো. রাজীব বলেন, ‘১০ অক্টোবরের মধ্যে ফুটপাত নির্মাণের কাজ শুরু এবং ১০ নভেম্বরের মধ্যে আরসিসি ঢালাই ও আলোর ব্যবস্থা করার কথা ছিল। কিন্তু এখন পর্যন্ত কাজের দরপত্রই হয়নি। নির্ধারিত সময়ের মধ্যে কীভাবে কাজ শুরু হবে, সেটিই আমরা জানতে এসেছি।’ আরেক শিক্ষার্থী মেহেদী হাসান সোহাগ বলেন, গর্ত তৈরি হলে তা সংস্কারের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু একবার বিটুমিন দেওয়ার পর আর কাজ হয়নি। তার ভাষ্য, সড়কটির দুরবস্থার কারণে এর আগে দুর্ঘটনায় একজন শিক্ষার্থী নিহত হয়েছেন। তাই দ্রুত সংস্কারকাজ শুরুর নিশ্চয়তা চান তারা। তবে সওজের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম বলেন, ফুটপাত, আরসিসি সড়ক ও আলোর ব্যবস্থার বিষয়ে একটি প্রস্তাব ইতিমধ্যে পাঠানো হয়েছে। সেটি অনুমোদন হলে নতুন করে দরপত্র আহ্বান করে কাজ শুরু করা যাবে।

দোসর আখ্যা দিয়ে শিক্ষা প্রকৌশলীর

তিনি দীর্ঘদিন ধরে আওয়ামী লীগের লোকজনকে পৃষ্ঠপোষকতা করে আসছেন। সম্প্রতি ১০ নম্বর ওয়ার্ডে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ‘গুপ্ত মিছিলেও’ তিনি অর্থায়ন করেছেন। নির্বাহী প্রকৌশলী অধিকাংশ ঠিকাদারি কাজ মোমেন সিকদারকে দিয়ে করান বলেও তিনি অভিযোগ করেন। মানববন্ধনে অংশগ্রহণকারীদের দাবি, শহিদুল ইসলাম সব ঠিকাদারি কাজে কমিশন নেন এবং গভীর রাত পর্যন্ত অফিসে বসে কমিশন ভাগবাটোয়ারা করেন। একাধিকবার সতর্ক করার পরও তিনি বেপরোয়া হয়ে নিজস্ব বলয়ের ঠিকাদারদের কাজ পাইয়ে দিতে সহায়তা করছেন। ছাত্রসংগঠনগুলোর অভিযোগ, নির্বাহী প্রকৌশলীর অনুসারী যুবদলের সাবেক নির্বাহী সদস্য মোমেন সিকদার, ছাত্রদল নেতা সানমুন, প্রকৌশলীর গাড়িচালক ইব্রাহিম ও অফিস সহকারী তন্ময় এসে মানববন্ধনের ব্যানার কেড়ে নেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন। এ ঘটনার একটি ভিডিও ইতিমধ্যে ফেসবুকে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে দেখা যায়, মানববন্ধন চলাকালে বাধা দিয়ে মোমেন সিকদার চিৎকার করে বলছেন, ‘এই ছবি দেখিয়ে ব্ল্যাকমেল করবেন, চাঁদাবাজি করবেন, সেটা হবে না।’ পরে গণমাধ্যমকর্মীদের উপস্থিতি দেখে তিনি ও তাঁর অনুসারীরা সেখান থেকে সরে যান। অভিযোগের বিষয়ে ঠিকাদার ও যুবদল নেতা মোমেন সিকদার জানান, তিনি শিক্ষা প্রকৌশল দপ্তরে যাওয়ার সময় ব্যানার নিয়ে কিছু লোককে দাঁড়িয়ে থাকতে দেখেন। ব্যানারে নির্বাহী প্রকৌশলীর ছবি দেখে তিনি কেবল কারণ জানতে চেয়েছেন, মানববন্ধনে বাধা দেওয়ার অভিযোগ সত্য নয়। এদিকে নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলামের মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি টেক্সট করে পরিচয় জানতে চান। তবে মেসেজে পরিচয় পাঠানোর পর তিনি আর ফোন ধরেননি। এর আগে সাংবাদিকদের তিনি জানান, তাঁর কার্যালয়ের সামনে কারা মানববন্ধন করেছেন, তা তিনি জানেন না এবং এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেবেন। মানববন্ধনে মহানগর ছাত্রদলের সাবেক সহসভাপতি সোহেল খান, ১০ নম্বর ওয়ার্ড ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রুম্মান স্বাধীন, ছাত্রদলের ওয়ার্ড সভাপতি বেল্লাল হোসেন, মো. রাব্বিসহ প্রমুখ উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, এর আগে ৯ সেপ্টেম্বর থেকে তিন দিন বরিশালের শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলাম অধিকাংশ প্রকৌশলীকে নিয়ে ঠিকাদারদের সঙ্গে সিলেটে প্রমোদভ্রমণে যান। ফলে ওই সময় অফিস ফাঁকা থাকার বিষয়টি ফাঁস হয়ে গেলে এলাকায় ব্যাপক হইচই পড়ে যায়। সে সময় ফোনে গণমাধ্যমকর্মীদের সঙ্গে তাঁর অশোভন আচরণের একটি অডিও ক্লিপও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছিল।

ভাণ্ডারিয়ায় বিভিন্ন উন্নয়নকাজের

নির্মাণকাজের উদ্বোধন এবং একই ওয়ার্ডে বড় কানুয়া আলীর দোকান সংলগ্ন বিসিসিটিএফ সিসি রোড থেকে হাওলাদার বাড়ি-বেপারী বাড়ি পর্যন্ত আরসিসি সড়ক নির্মাণকাজেরও উদ্বোধন করা হয়। এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনে ক্রীড়া সামগ্রীও বিতরণ করা হয়। পৃথক ভাবে এসকল স্থানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জল হালদার, ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল,প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বদিউজ্জামান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনির হোসেন আকন, সাংগঠনিক সম্পাদক আবুল কালম আজাদ(মলাত) জোমাদ্দার, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মান্নান হাওলাদার, সাবেক সদর ইউপি চেয়ারম্যান গোলাম সরোয়ার জোমাদ্দার, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন বিপ্লব, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক ওয়াসিম মান্নান উৎপল হাওলাদার ছাড়াও স্থানীয় প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চাঁদাবাজি বন্ধের আশ্বাসে বরিশালে কাঁচা

চালিয়ে যাবেন তারা। এর আগে, ব্যবসায়ীদের কাছ থেকে স্বেচ্ছাসেবক দল নেতার চাঁদাবাজি এবং আড়তদারের ওপর হামলার প্রতিবাদে সোমবার দিবাগত রাত থেকে ধর্মঘট শুরু করেন নগরীর ভাটারখাল এলাকার বহুমুখী সিটি পাইকারী কাঁচাবাজারের ৭৪ জন আড়তদার। এ কারণে মঙ্গলবার সকাল থেকে বরিশালের একমাত্র পাইকারী কাঁচাবাজার থেকে বরিশালসহ দক্ষিণাঞ্চলের বিভিন্ন জেলা উপজেলায় সবজি সরবরাহ বন্ধ হয়ে যায়। মঙ্গলবার দিনভর তাই বরিশালের বাজারগুলোতে দেখা দেয় সবজির তীব্র সংকট। বহুমুখি সিটি পাইকারী কাঁচা বাজারের ব্যবসায়ী আনোয়ার হোসেন, ভুক্তভোগী শাহ আলমসহ অন্য আড়তদাররা ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে চাঁদাবাজদের অত্যাচারে অতিষ্ঠ। চাঁদাবাজির প্রতিবাদ করায় আড়তদার এবং কর্মচারীদের ওপর হামলা করতো পার্শ্ববর্তী ভাটারখাল বস্তির কতিপয় লোক। যাদের নেতৃত্ব দিচ্ছেন ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মামুন ব্যাপারী ও তার দুই ছেলে মুন্না বেপারী ও রাহুল বেপারী। তারা অভিযোগ করেন, আড়ত থেকে কাঁচামাল কিনে আড়তের পাশেই রাস্তা দখল করে ব্যবস্থা করেন কিছু ফড়িয়া। স্বেচ্ছাসেবক দল নেতা মামুন ও তার দুই ছেলে তাদেরকে আড়তের সামনে বসিয়ে নিয়মিত চাঁদা আদায় করে। দূর-দূরান্ত থেকে আসা ব্যাপারি ট্রাক আটকে ২ থেকে ৩ হাজার টাকা করে চাঁদা নেন তারা। প্রতিবাদ করলে আড়তদারদের মারধর করা হয়। তাদের অত্যাচারে ব্যবসায়ীরা অতিষ্ঠ হয়ে উঠেছে। রোববার সকালে কাঁচাবাজারের ফড়িয়াদের রাস্তা ছেড়ে দিতে বলায় মামুন ও তার ছেলেরা বহিরাগত নিয়ে বাজারের সবচেয়ে পুরানো ব্যবসায়ী শাহ আলম বাণিজ্যালয়ের মালিক শাহ আলম মিয়াকে মারধর করে। ওইদিন অভিযুক্ত মামুন ও তার ছেলের বিচার দাবিতে দুপুরে কাঁচাবাজারে আড়তদাররা বিক্ষোভ শেষে ২২ সেপ্টেম্বর থেকে লাগাতার ধর্মঘটের আলটিমেটাম দেন। পূর্ব ঘোষণা অনুযায়ী, সোমবার দিবাগত রাত থেকে বাজারে ব্যবসায়ীক কার্যক্রম বন্ধ করে দেন তারা। সরেজমিনে দেখা যায়, ব্যস্তমত এই পাইকারী বাজারের স্টলগুলোর সাটার নামানো। কোন কোন দোকান খোলা থাকলেও সেখানে নেই কর্মব্যস্ততা। দিনভর পুরো বাজারে চলে শুনশান নীরবতা। ব্যবসায়ীরা বাজারে ব্যানার টাঙিয়ে অভিযুক্তদের গ্রেপ্তারসহ ব্যবসায়ীদের নিরাপত্তা ও চাঁদাবাজি বন্ধের দাবিতে অবস্থান নেন। ব্যবসায়ীরা জানান, হামলার ঘটনায় সোমবার থানায় সাত জনের নামে মামলা করেছেন তারা। মামলায় ১০ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মামুন বেপারী, তার ছেলে মুন্না ও রাহুল, সহযোগী সাব্বির আকন, সাদ্দাম আকন, বাবুল আকন, লেমু নবীন এবং ১০-১৫ জনকে অজ্ঞাত আসামি করা হয়। একই দিন দুপুরে আসামিদের গ্রেপ্তারসহ ব্যবসায়ীদের নিরাপত্তার দাবিতে বরিশাল মেট্রোপলিটন পুলিশ বরাবর একটি স্মারকলিপিও দেয়া হয়। কিন্তু পুলিশ ঘটনার মূল হোতাদের গ্রেপ্তার করতে না পারা বা রাজনৈতিক মহল থেকে মামুনের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় ধর্মঘট শুরু করেন ব্যবসায়ীরা। খোঁজ নিয়ে জানা গেছে, অভিযুক্ত মামুন বেপারী বরিশাল সিটি করপোরেশনের ১০ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক। ইতোপূর্বে তার বিরুদ্ধে ভাটারখাল এবং কেডিসি কলোনীতে প্রকাশ্যে জুয়ার ব্যবসা পরিচালনার অভিযোগ উঠে। জুয়া ব্যবসার কারণে তাকে এলাকার সবাই রুইয়া মামুন নামে চেনেন। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতয়ালী মডেল থানার অফিসার ইনচার্জ আল মামুন উল ইসলাম বলেন, ঘটনায় মামুনকে প্রধান করে তার দুই ছেলেসহ ৭ জনকে আসামি করা হয়েছে। মামলার ৫ নম্বর আসামি বাবুল আকনকে গ্রেপ্তার করা হয়েছে। ব্যবসায়ীর ওপর হামলার ঘটনায় তার সরাসরি জড়িত থাকার প্রমাণ রয়েছে। বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। তিনি জানান, ব্যবসায়ীদের সঙ্গে তারা বৈঠক করেছেন। ব্যবসায়ীরা তাদের নিরাপত্তা, চাঁদাবাজি বন্ধসহ আসামিদের গ্রেপ্তারের দাবি জানিয়েছে। তাদের দাবি মেনে নেওয়া হয়েছে। বাজারে ব্যবসায়ীদের নিরাপত্তায় এরই মধ্যে পুলিশ মোতায়েন করা হয়েছে। পাশাপাশি যত দ্রুত সম্ভব আসামিদের গ্রেপ্তার করে আইনের আওতায় নিয়ে আসা হবে।

যেসব শর্তে ৭ দিনের মধ্যে হরমুজ

বার্তা সংস্থা রয়টার্স ও জাপানের কিয়োডো নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ইরানের এক জ্যেষ্ঠ কর্মকর্তা এই বড় প্রস্তাবের কথা জানিয়েছেন। জাপানি সংবাদ মাধ্যম কিয়োডো নিউজ প্রথম এই খবরটি সামনে আনে। তারা জানায়, আমেরিকার সাথে সম্পর্ক ঠিক করতে ও সামরিক উত্তেজনা কমাতে ইরান এই উদ্যোগ নিয়েছে। মধ্যস্থতাকারীদের মাধ্যমে এই প্রস্তাবটি ইতোমধ্যেই আমেরিকার কাছে পাঠানো হয়েছে, যাতে দুই দেশের মধ্যে দীর্ঘদিনের শত্রুতা চিরতরে বন্ধ করার পথ তৈরি হয়। অন্যদিকে রয়টার্সকে ওই কর্মকর্তা জানান, জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে নিউ ইয়র্কে আসা ইরানি প্রতিনিধিদলকে আমেরিকার সাথে সরাসরি আলোচনা শুরু করার পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, জাতিসংঘের এই অধিবেশন আমেরিকার জন্য সমঝোতায় ফেরার একটি দারুণ সুযোগ। যুক্তরাষ্ট্র যদি সত্যিই ভালো কোনো পদক্ষেপ নেয়, তবে ইরানও আলোচনার টেবিলকে স্বাগত জানাবে। তবে দুই সংবাদমাধ্যমের সাথে কথা বলা ব্যক্তিটি একই কর্মকর্তা কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

বিশ্ববাজারে দুই সপ্তাহের মধ্যে

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আলজাজিরা। এতে বলা হয়েছে, ড্রোন হামলায় ক্ষতিগ্রস্ত হওয়া সৌদির ইস্ট-ওয়েস্ট পাইপলাইন আবারও সক্রিয় হওয়ার পর তেলের দামে প্রভাব পড়েছে। অপরদিকে ইরান জানিয়েছে, যুক্তরাষ্ট্র যদি তাদের শর্ত মানে এবং ইরানের বন্দরগুলোর ওপর থেকে নৌ-অবরোধ তুলে নেয় তাহলে তারা এক সপ্তাহের মধ্যে হরমুজ খুলে দেবে। এটিও তেলের দাম কমায় প্রভাব রেখেছে। আজ ব্রেন্ট ক্রুড ফিউচার নভেম্বরের তেলের দাম প্রতি ব্যারেলে ২ দশমিক ০১ ডলার কমে ৯৮ দশমিক ৩৩ ডলার হয়েছে। যা গত দিনের তুলনায় দুই শতাংশ কম। অপরদিকে ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট অক্টোবরের তেলের দাম ২ দশমিক ৫০ ডলার কমে প্রতি ব্যারেল ৯৩ দশমিক ২৮ ডলার হয়েছে। যা গতদিনের চেয়ে ২ দশমিক ৬১ শতাংশ কম। ব্রেন্ট ক্রুডের দাম দিয়েই এশিয়াসহ বিশ্বের বেশিরভাগ দেশের তেলের দাম বোঝা যায়। অপরদিকে ওয়েস্ট টেক্সাস যুক্তরাষ্ট্রের তেলের দামের মানদণ্ড। আলজাজিরাকে ক্যাপিটাল ইকোনোমিকসের অর্থনীতিবিদ হামাদ হুসাইন বলেছেন, বিভিন্ন মিডিয়া খবর প্রচার করছে ইরান হরমুজ খুলে দিতে রাজি, যার অর্থ কূটনীতি হয়ত ইতিবাচক দিকে এগোচ্ছে। আর এসব খবরের কারণেই তেলের দাম কমছে। তবে হরমুজ নিয়ে ইরান ও যুক্তরাষ্ট্রের সমাধানে পৌঁছানোর আগে সামনে কিছু বাধা এখনো থাকতে পারে বলে উল্লেখ করেছেন তিনি। যারমধ্যে উল্লেখযোগ্য হলো টোল ও ফি।

কাঁঠালিয়ায় বিষপানে ইউপি

স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তিনি আরও বলেন, কী কারণে ভাই বিষপান করেছেন, আমরা বলতে পারছি না। এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে কারও বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইব্রাহিম মোল্যা বলেন, ইউপি সদস্যকে হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়েছে। তিনি বিষপান করেছেন। কাঁঠালিয়া থানার ওসি নাছের রায়হান বলেন, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ নেই। এ ব্যাপারে থানায় অপমৃত্যুর মামলা হবে।

ঢাকায় স্ত্রীকে কুপিয়ে হত্যা, গ্রামে

এলাকায় বাসা ভাড়া করে বসবাস করতেন। গত বৃহস্পতিবার গভীর রাতে ইয়ানুর বেগমকে কুপিয়ে গলা কেটে হত্যা করা হয়। এই সংবাদ পেয়ে কদমতলী থানা-পুলিশ ইয়ানুরের ক্ষতবিক্ষত গলাকাটা মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে। ওই সময় ইয়ানুরের মরদেহ ছাড়া কাউকে পাওয়া যায়নি। ওই ঘটনাকে কেন্দ্র করে ইয়ানুরের পরিবার সোমবার (২১ সেপ্টেম্বর) বেলা ১১টায় উপজেলার আলীপুর ইউনিয়নের বি বি রায় মাধ্যমিক বিদ্যালয়ের সামনে ইয়ানুরের হত্যাকারী তাঁর স্বামীর মো. জিকিরুল ওরফে জুয়েল মৃধার ফাঁসির দাবিতে মানববন্ধন করেন। মানববন্ধন শেষে বিক্ষুব্ধ জনতা জিকিরুল ওরফে জুয়েল মৃধার বসতঘর পুরিয়ে দেয়। ইয়ানুরের বাবা মো. হানিফ হাওলাদার বলেন, ‘দশমিনা উপজেলার আলীপুর ইউনিয়নের পশ্চিম আকীপুর গ্রামের ফোরকান মৃধার ছেলে সঙ্গে আমার মেয়ে ইয়ানুরের বিয়ে হওয়ার পর থেকে ঢাকার ধোলাইপাড় এলাকায় একটি ভাড়া বাসায় থাকত। বিয়ের পর থেকে তাদের তেমন বনিবনা ছিল না। গত বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রাতে আমার মেয়েকে জুয়েল মৃধা কুপিয়ে গলা কেটে হত্যা করে। পরে কদমতলী থানা-পুলিশ আমার মেয়ের ক্ষতবিক্ষত গলা কাটা মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। পরে শুক্রবার সকালে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়। ময়নাতদন্ত শেষে ওই দিন বিকেলে আমার মেয়ের মরদেহ আমাদের কাছে হস্তান্তর করা হয়।’ হানিফ হাওলাদার আরও বলেন, ‘কদমতলী থানায় জুয়েল মৃধার নামে হত্যা মামলা করেছি। এখন পর্যন্ত আমার মেয়ের হত্যাকারী জুয়েলকে গ্রেফতার না করায় সোমবার দশমিনা উপজেলার আলীপুর ইউনিয়নের বিবি/// রায় মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মানববন্ধন করা হয়।’ মানববন্ধন শেষে জুয়েল মৃধার বাবার বসতঘর পোড়ানোর বিষয় জনতে চাইলে হানিফ বলেন, ‘মানববন্ধনে আসা লোকজন ঘর পোড়ায়নি। আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল। মানববন্ধন শেষে আমরা চলে আসি।’

ভিডিও ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে

ধারণের দাবি তুলে তারা ভুক্তভোগীর কাছে ২ লাখ টাকা দাবি করেন। টাকা না দিলে ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করার হুমকি দেন। পরে লোকলজ্জার ভয়ে ভুক্তভোগী পরিবার দুই ধাপে প্রথমে ২০ হাজার ও পরবর্তীতে ৯ হাজারসহ মোট ২৯ হাজার টাকা দিতে বাধ্য হয়। ভুক্তভোগী রতন কুমার বাগচী বলেন, ‘আমার প্রতিবেশী ওই নারীর সঙ্গে পারিবারিকভাবে সুসম্পর্ক থাকায় সন্ধ্যার দিকে ঘরে ঢুকে একটি পান খাই। এ সময় ওৎ পেতে থাকা যুবলীগ নেতা আরিফুল ইসলাম, সবুজ বাগচী ও মো. শরীফ ঘরে ঢুকে আমাকে অপবাদ দিয়ে ভিডিও ধারণের কথা বলে ২ লাখ টাকা দাবি করেন। লোকোলজ্জার ভয়ে ওদেরকে দুই ধাপে ২৯ হাজার টাকা দিতে বাধ্য হই। পরবর্তীতে স্থানীয়দের জানালে তারা কোনো ভিডিও দেখাতে পারেননি। আমি অন্যায় করলে স্থানীয়দের মাধ্যমে বিচার না করে গোপনে ভয় দেখিয়ে টাকা নেওয়ার ঘটনায় আমি বিচার চাই।’ স্থানীয় ইউপি মেম্বার মনোজ কুমার ঢালী বলেন, ‘বিষয়টি আমি শুনেছি। ভুক্তভোগী ওই নারী ও রতন কুমার বাগচীর পরিবারের সঙ্গে সুসম্পর্ক থাকায় প্রায়শই দুই পরিবার আসা-যাওয়া করে। এটা দোষের কিছু নয়। উভয় পক্ষকে ডেকেছিলাম। তাদের আপত্তিকর অবস্থায় দেখার স্বপক্ষে কোনো ভিডিও অথবা সুনির্দিষ্ট কোনো প্রমাণ দেখাতে পারেননি। ভয়ভীতি দেখিয়ে ২৯ হাজার টাকা হাতিয়ে নেওয়া ঠিক হয়নি।’ এ বিষয়ে অভিযুক্ত যুবলীগ নেতা আরিফুল ইসলাম বলেন, ‘ওই নারীর সঙ্গে রতন কুমার বাগচীর অবৈধ সম্পর্ক আছে। আমরা দুজনকে আপত্তিকর অবস্থায় হাতেনাতে ধরেছি।’ চাঁদা নেওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘আমি চাঁদা নিইনি। মিষ্টি খাবার জন্য দুই হাজার টাকা নিয়ে তাদের ছেড়ে দিয়েছি।’ মোবাইলে ভিডিও ধারণের কথা জিজ্ঞাসা করলে তিনি বলেন, ‘রাতের আঁধারে ভিডিও ধারণ করেছি তাই ক্লিয়ার ওঠেনি’ বলে লাইনটি কেটে দেন। বলদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক আহ্বায়ক মাস্টার এনামুল হক রতন বলেন, ‘সোশ্যাল মিডিয়ায় বিএনপি নেতার নাম ভাঙিয়ে চাঁদা নেওয়ার খবর দেখে সরেজমিনে গিয়েছিলাম। ওই স্থানে গিয়ে দেখি অভিযুক্ত আরিফুল ইসলাম বিএনপির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত নয়। দুই-একদিনের মধ্যে উভয়পক্ষকে ডেকে প্রকৃত ঘটনা জেনে সমস্যার সমাধানের চেষ্টা করব।’ নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী হাসান বলেন, ‘এ বিষয়ে কোনো অভিযোগ পাইনি। লিখিত অভিযোগ পেলে বিষয়টি খতিয়ে দেখা হবে।’

চুরির অপবাদে মা-ছেলেকে

ছেলে। তাঁর মা নাজমা বেগম অভিযোগ করেন, দেড় বছর আগে তাঁর স্বামী মারা যান। এর আগে জমি বন্ধক রাখার সুবাদে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাফিজুর রহমান চুন্নুর ছোট ভাই আবদুল হাইকে এক লাখ টাকা দিয়েছিলেন তাঁর স্বামী। কিন্তু ওই লেনদেনের কোনো লিখিত কাগজ ছিল না। স্বামীর মৃত্যুর পর সেই টাকার লিখিত প্রমাণ চাওয়ায় চুন্নু ও তাঁর ভাই ক্ষুব্ধ হন। নাজমা বেগম জানান, গত শুক্রবার জিসান ও তাঁকে ঘরে ডেকে নেন চুন্নু ও তাঁর ভাই আবদুল হাই। সেখানে মানিব্যাগ চুরির মিথ্যা অপবাদ দিয়ে বাঁশের লাঠি দিয়ে তাঁদের বেধড়ক মারধর করা হয়। মারধরের পর ভয়ে তাঁরা গত চার দিন ঘর থেকে বের হতে পারেননি। কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. মাহবুবুর রহমান বলেন, ‘সকালে শিশুটি ও তার মা হাসপাতালে ভর্তি হয়েছেন। দুজনের শরীরেই আঘাতের চিহ্ন রয়েছে। আঘাতের স্থানে কালচে দাগ হয়েছে। তাঁদের চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে।’ অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাফিজুর রহমান চুন্নু বলেন, ‘ওই শিশুটি চোর, সে এলাকার সব জায়গায় চুরি করে বেড়ায়। সেদিন চুরির পর প্রশাসনকে জানালে তাঁরাই দু-একটি পিটান-পুটান দিয়ে ছেড়ে দিতে বলেছেন।’ তবে শিশুটির মাকে মারধরের বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, ওরা এলাকার জাতচোর। আর ওর মা সম্পর্কে আমার ভাগ্নি হয়। আমরা তাঁকে ছেলেটিকে ঢাকা পাঠিয়ে দিতে বলেছি। এই বলেই তিনি ফোন কেটে দেন। এ বিষয়ে কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম বলেন, ‘এ রকম কোনো বিষয়ে আমাদের জানানো হয়নি। পুলিশ এ ধরনের কোনো অপেশাদার কথা বলেনি এবং বিষয়টি সম্পর্কে আমরা অবগত নই।’

ঢাকা-বরিশাল রুটে লঞ্চ ভাড়া

লঞ্চের ম্যানেজার জিয়াউল হাসান বলেন, আগের ভাড়াতেই লঞ্চ মালিকরা লোকসানে ছিলেন। যাত্রীসংখ্যা কমে যাওয়ায় সেই লোকসান আরও বেড়েছে। এর মধ্যে ডিজেলের দাম বাড়ায় পরিচালন ব্যয় আরও বেড়েছে। নতুন ভাড়া অনুযায়ী, ঢাকা-বরিশাল রুটে ডেকের ভাড়া ৩০০ টাকা থেকে বাড়িয়ে ৩৫০ টাকা করা হয়েছে। সিঙ্গেল কেবিনের ভাড়া ১ হাজার টাকা থেকে বেড়ে হয়েছে ১ হাজার ২০০ টাকা। আর ডাবল কেবিনের ভাড়া ২ হাজার থেকে বাড়িয়ে ২ হাজার ৪০০ টাকা নির্ধারণ করা হয়েছে। লঞ্চ মালিকদের সূত্র জানায়, নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলমের কাছে দেওয়া এক চিঠিতে সর্বোচ্চ ৬০ শতাংশ ভাড়া বাড়ানোর দাবি জানিয়েছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাপ) সংস্থা। সংস্থাটির প্রেসিডেন্ট গোলাম নবী আলমগীর চিঠিটি দিয়েছেন। চিঠিতে নৌযান পরিচালনার বিভিন্ন ব্যয় বৃদ্ধির বিষয়টি তুলে ধরা হয়েছে। এতে বলা হয়, বিআইডব্লিউটিএর বিভিন্ন ফি ও চার্জ ইতোমধ্যে বেড়েছে। কনজারভেন্সি চার্জ ৩০ শতাংশ, রুট পারমিট ফি ৫০ শতাংশ এবং বার্দিং চার্জ ১১৪ শতাংশ বাড়ানো হয়েছে। এ ছাড়া রুট পারমিটের আবেদন ফিও ৬০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। নৌযানের বিশেষ অনুমতি, স্থগিত রুট পারমিট পুনর্বহাল এবং মালিকানা, নাম বা রেজিস্ট্রেশন পরিবর্তনের ক্ষেত্রেও নতুন করে বিভিন্ন ফি নির্ধারণ করা হয়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়। এ ছাড়া শ্রমিকদের মজুরি, ডিজি শিপিংয়ের সার্ভে ও রেজিস্ট্রেশন ফি, নাম পরিবর্তন ফি এবং জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর ও ভ্যাট বেড়েছে বলে দাবি করেছে লঞ্চ মালিকদের সংগঠনটি। লঞ্চ নির্মাণ ও পরিচালনায় ব্যবহৃত প্লেট, অ্যাঙ্গেল, প্রপেলার, ইঞ্জিনের খুচরা যন্ত্রাংশ, ওয়েল্ডিং রড, গ্যাস ও রংয়ের দামও বেড়েছে। ডকিং, স্পেয়ার পার্টসসহ বিভিন্ন খাতে ব্যয় কোনো কোনো ক্ষেত্রে ৫০ থেকে ১০০ শতাংশ পর্যন্ত বেড়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। চিঠিতে আরও বলা হয়, সড়ক যোগাযোগব্যবস্থার উন্নতির ফলে যাত্রীরা সড়কপথে বেশি যাতায়াত করছেন। এতে লঞ্চগুলো ধারণক্ষমতা অনুযায়ী যাত্রী পাচ্ছে না এবং মালিকরা আর্থিক ক্ষতির মুখে পড়ছেন। ব্যবসা টিকিয়ে রাখতে ১০০ কিলোমিটার পর্যন্ত প্রতি কিলোমিটারে ৪ টাকা ৪৫ পয়সা, ১০০ কিলোমিটারের বেশি দূরত্বে প্রতি কিলোমিটারে ৪ টাকা ২ পয়সা এবং সর্বনিম্ন যাত্রীভাড়া ৩৫ টাকা নির্ধারণের দাবি জানিয়েছে সংগঠনটি। এসব দাবি বাস্তবায়ন না হলে বাড়তি ডিজেলের দাম প্রত্যাহারের দাবিও জানানো হয়েছে। বিআইডব্লিউটিএর নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের সহকারী পরিচালক মো. সলেমান বলেন, বরিশালের লঞ্চ মালিকরা ইতোমধ্যে ভাড়া বাড়িয়েছেন। ডেকের ভাড়া ১৭ থেকে ২০ শতাংশ পর্যন্ত বেড়েছে। তার ভাষ্য, লোকসানের কারণে লঞ্চ মালিকরা ভাড়া বাড়িয়েছেন। তবে নির্ধারিত ভাড়ার চেয়ে বেশি আদায় করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে ফেসবুকে

সঙ্গে কোনো ধরনের সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া একটি পোস্টে তেলের দাম বৃদ্ধি নিয়ে নিজের মতামত তুলে ধরেন ছাত্রদল নেতা নাঈম। একই পোস্টে তিনি দীর্ঘদিনের সাংগঠনিক পথচলায় সংগঠনের বিভিন্ন বিষয় ও কার্যক্রমের সঙ্গে তাঁর ব্যক্তিগত মতের কিছুটা অমিল থাকার কথাও উল্লেখ করেন। পাশাপাশি ব্যক্তিগত সমস্যা ও ব্যস্ততার কারণে সাংগঠনিক দায়িত্ব যথাযথভাবে পালন করা সম্ভব হচ্ছে না জানিয়ে সাধারণ সম্পাদক পদ ও সাংগঠনিক কার্যক্রম থেকে স্বেচ্ছায় অব্যাহতি নেওয়ার ঘোষণা দেন। বহিষ্কারের বিষয়টি নিশ্চিত করে তজুমদ্দিন উপজেলা ছাত্রদলের সদস্যসচিব শরীফ হাওলাদার বলেন, ‘গত কয়েক দিন ধরেই নাঈম ছাত্রদল ও বিএনপির সমালোচনা করে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেন। তিনি জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে ফেসবুকে সমালোচনামূলক পোস্ট করেছেন। এতে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। ফলে নাঈমকে দল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছি।’

দেশ অস্থিতিশীলের ষড়যন্ত্র প্রতিরোধের হুঁশিয়ারি পটুয়াখালী বিএনপির

পটুয়াখালী প্রতিনিধি

‘পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার’ প্রতিবাদে পটুয়াখালীতে সমাবেশ ও মিছিল করেছে বিএনপি। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে পটুয়াখালী পৌর শহরের ঝাউতলায় জেলা বিএনপির উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন পটুয়াখালী জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক স্নেহাংশু সরকার কুট্টি। বক্তব্য দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মো. মজিবুর রহমান টোটন, জেলা বিএনপি নেতা ও সাবেক পৌর মেয়র মোশতাক আহমেদ পিনুসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতারা। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, বিভিন্ন রাজনৈতিক গোষ্ঠী সন্ত্রাসের মাধ্যমে দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরির চেষ্টা করছে। বিএনপি ও সাধারণ মানুষ তা মেনে নেবে না। চলমান সন্ত্রাস ও নৈরাজ্য বন্ধ না হলে জনগণকে সঙ্গে নিয়ে তা প্রতিহত করার হুঁশিয়ারিও দেন তাঁরা। বক্তারা আরও বলেন, বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর কমিটিতে ‘হাইব্রিড নেতা’, মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের স্থান দেওয়া হবে না। ত্যাগী ও নির্যাতিত নেতাকর্মীদের মূল্যায়ন করে কমিটি গঠন করা হবে। মাদকমুক্ত দেশ গড়তে মাদকের বিরুদ্ধে বিএনপির ‘জিরো টলারেন্স’ নীতিও অব্যাহত থাকবে বলে জানান তাঁরা। জেলা বিএনপির দাবি, জেলার আটটি উপজেলা থেকে প্রায় ১০ হাজার নেতাকর্মী ও সমর্থক সমাবেশে অংশ নেন। শহরের বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে তাঁরা ঝাউতলায় সমবেত হন। সমাবেশ শেষে একটি মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় সন্ত্রাস, নৈরাজ্য ও মাদকের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেন নেতাকর্মীরা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২৩ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১০ আশ্বিন ১৪৩৩

বিশ্ববাজারে দুই সপ্তাহের মধ্যে সর্বনিম্ন তেলের দাম

কীর্তনখোলা ডেস্ক
উপসাগরীয় আরব দেশগুলোতে তেলের উৎপাদন বৃদ্ধির সম্ভাবনা তৈরি এবং শর্ত মানলে এক সপ্তাহের মধ্যে ইরানের হরমুজ প্রণালি খুলে দেওয়ার ঘোষণার পর দুই সপ্তাহের মধ্যে বিশ্ববাজারে সর্বনিম্ন দামে পৌঁছেছে অপরিশোধিত তেলের দাম। ৩ এর পাতায় দেখুন

যেসব শর্তে ৭ দিনের মধ্যে হরমুজ প্রণালি খুলে দিতে প্রস্তুত ইরান

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র যদি ইরানের বন্দরগুলোর ওপর থেকে অবরোধ তুলে নেয় এবং সামরিক চাপ কমায়, তবে মাত্র সাত দিনের মধ্যেই গুরুত্বপূর্ণ জলপথ 'হরমুজ প্রণালি' আবার সবার জন্য খুলে দিতে প্রস্তুত ইরান। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ৩ এর পাতায় দেখুন

বরিশাল-পটুয়াখালী মহাসড়ক সংস্কার না হওয়ায় সওজকে শিক্ষার্থীদের প্রশ্ন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) সামনে বরিশাল-পটুয়াখালী মহাসড়ক সংস্কারে নির্ধারিত সময়ের মধ্যে দৃশ্যমান কাজ শুরু না হওয়ায় সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তরের কর্মকর্তার কাছে জবাব চেয়েছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার সকালে শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দল সওজ কার্যালয়ে গিয়ে নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলামের সঙ্গে কথা বলেন। এ সময় লিখিত প্রতিশ্রুতির পরও কাজের অগ্রগতি না হওয়া নিয়ে তাঁকে বিভিন্ন প্রশ্ন করেন শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের অভিযোগ, সড়ক সংস্কার, ফুটপাত নির্মাণ ও আলোর ব্যবস্থা নিয়ে সওজের পক্ষ থেকে দেওয়া প্রতিশ্রুতির বাস্তবায়ন এখনো শুরু হয়নি। এমনকি সড়কের গর্তগুলো নিয়মিত সংস্কারের কথা বলা হলেও একবার বিটুমিন দেওয়ার পর আর তেমন কোনো কাজ হয়নি। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত ৯ আগস্ট বাংলা বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ইয়াসিন ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজি বন্ধের আশ্বাসে বরিশালে কাঁচা বাজার ব্যবসায়ীদের ধর্মঘট প্রত্যাহার

কীর্তনখোলা রিপোর্ট
ব্যবসায়ীদের মারধরের বিচার এবং চাঁদাবাজি বন্ধে ব্যবস্থা গ্রহণে প্রশাসনের আশ্বাসে ধর্মঘট প্রত্যাহার করেছেন বরিশালের বৃহত্তর বহুমুখী সিটি পাইকারী কাঁচাবাজারের ব্যবসায়ীরা। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে পুলিশ এবং ব্যবসায়ীদের মধ্যে দীর্ঘ বৈঠক শেষে ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দেওয়া হয়। ব্যবসায়ীরা জানিয়েছেন, চাঁদাবাজির প্রতিবাদ করায় ব্যবসায়ীর ওপর হামলাকারী ১০ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মামুন বেপারী ওরফে 'রইয়া মামুন', তার দুই ছেলেসহ মামলার সকল আসামিদের গ্রেপ্তার, বাজারে ব্যবসায়ীদের নিরাপত্তা এবং চাঁদাবাজি বন্ধের আশ্বাস দিয়েছে পুলিশ। মঙ্গলবার রাত থেকেই কাঁচাবাজারে নিয়মিত ব্যবসায়ীক কার্যক্রম ৩ এর পাতায় দেখুন

দোসর আখ্যা দিয়ে শিক্ষা প্রকৌশলীর বিরুদ্ধে মানববন্ধন, ঠিকাদারদের বাধা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলামের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে মানববন্ধন করেছেন স্থানীয় ছাত্রদল ও ছাত্র ফেডারেশনের নেতা-কর্মীরা। মঙ্গলবার দুপুরে ওই

প্রকৌশলীকে কার্যক্রম নিষিদ্ধ 'আওয়ামী লীগের দোসর' আখ্যা দিয়ে অধিদপ্তরের সামনে এ কর্মসূচি পালন করা হয়। তবে কর্মসূচির একপর্যায়ে বিএনপিপন্থী একদল ঠিকাদার হামলা চালিয়ে মানববন্ধন পণ্ড করে দিয়েছেন বলে অভিযোগ উঠেছে। মানববন্ধনে উপস্থিত জেলা ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক রাইদুল ইসলাম সাকিবের অভিযোগ, শহিদুল ইসলাম বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের ৯ নম্বর সদস্য। ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় বিভিন্ন উন্নয়নকাজের উদ্বোধন ও ক্রীড়া সামগ্রী বিতরণ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় মঙ্গলবার দুপুরে পৌরসভায় বিভিন্ন উন্নয়নকাজের উদ্বোধন এবং ক্রীড়া সামগ্রী বিতরণ করেন প্রধান অতিথি সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহমদ সোহেল মনজুর (সুমন) এমপি। উদ্বোধনকৃত এসকল কাজগুলোর মধ্যে রয়েছে স্থানীয় ৬৭নং নিজ ভাণ্ডারিয়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণকৃত ভবন, ৭৬ নম্বর দক্ষিণ ভাণ্ডারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ এবং উত্তর শিয়ালকাঠী সরকারি ভবন। এ ছাড়া ভাণ্ডারিয়া পৌরসভার অর্থায়নে পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডে জাকির পেশকারের অফিস থেকে বেলায়েত হাওলাদারের বাড়ি পর্যন্ত ও পেশকার মসজিদ থেকে ইউনুসের বাড়ি পর্যন্ত আরসিসি সড়ক ৩ এর পাতায় দেখুন

মডেল মসজিদের ইমামের বিরুদ্ধে মিথ্যা ধর্ষণ মামলা, বাদী গ্রেফতার

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী মডেল মসজিদের ইমাম ও খতিবসহ তিনজনের বিরুদ্ধে ১২ বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগে করা মামলার তদন্তে অভিযোগের পক্ষে কোনো প্রমাণ পাওয়া যায়নি বলে প্রতিবেদন দিয়েছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। পরে ওই মামলার বাদী জাহানারা বেগমের বিরুদ্ধে আদালত থেকে গ্রেপ্তারি পরোয়ানা জারি হলে তাকে গ্রেফতার করেছে পুলিশ। মামলার বাদী জাহানারা বেগমকে গ্রেফতার করে পটুয়াখালী ৩ এর পাতায় দেখুন

জ্বালানি তেলের মূল্য বৃদ্ধিতে জেলেদের ক্ষোভ

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর মৎস্য বন্দর মহিপুর ও আলিপুরে বছরজুড়ে ছিলো ইলিশের আকার। তার ভেতরে হঠাৎ করে বেড়ে যায় জ্বালানি তেলের দাম। এতে ক্ষোভ প্রকাশ করেছেন উপকূলের জেলেসহ মৎস্য সংশ্লিষ্টরা। তারা জ্বালানি তেলের দাম কমিয়ে সাধ্যের মধ্যে নিয়ে আসার দাবি জানিয়েন। কাঙ্ক্ষিত ইলিশ না পাওয়ায় লোকসানে রয়েছেন জেলে ও মৎস্য ব্যবসায়ীরা। ট্রলার মাঝি সুলতান বলেন, ধার দেনায় জর্জরিত হয়ে পড়েছি। তার উপর হঠাৎ করে বৃদ্ধি পেয়েছে জ্বালানি তেলের দাম। ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের দাম লিটার প্রতি বেড়েছে ২০ টাকা। এ যেন জেলেদের মরার উপর খড়ার ঘা। আরও পড়ুন: সচিবের ভাই পরিচয়ে ইউএনওর কাছে লাখ টাকা দাবি, অতঃপর জেলে সোবাহান হোসেন বলেন, জ্বালানি তেলের দাম বৃদ্ধির সঙ্গে সঙ্গে বাড়বে মাছ আহরণ, পরিবহন ও সংরক্ষণের খরচ। এতে মৎস্য খাতে বিরূপ প্রভাবের শঙ্কা রয়েছে। তাই ক্ষোভ প্রকাশের পাশাপাশি তেলের দাম কমিয়ে সহনীয় পর্যায়ে রাখা অথবা ভর্তুকির দাবি জানিয়েছেন। পটুয়াখালী জেলায় ৭০ হাজার ৩ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে পানি নিষ্কাশনের দাবিতে কৃষকদের মানববন্ধন

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে অনাবাদী একশত একর জমিতে চাষাবাদে পানি নিষ্কাশনের জন্য খাল খনন ও কালভার্ট স্থাপনের দাবিতে কৃষকদের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টায় উপজেলার গারুরিয়া ইউনিয়নের রবিপুর গ্রামে অনাবাদি জমির কৃষকগণ এ মানববন্ধন করেছে। সাবেক প্রধান শিক্ষক মোঃ আনোয়ার হোসেন হাওলাদারের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য মোঃ শাহআলম মৃধা, দীনেশ চন্দ্র মিস্ত্রি, কবির জোমাদ্দার, শহিদুল ইসলাম সরদার, জলিল ৩ এর পাতায় দেখুন

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে ফেসবুকে পোস্ট করায় ছাত্রদল নেতা বহিষ্কার

ভোলা প্রতিনিধি
জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে সমালোচনামূলক পোস্ট দেওয়ায় পদ হারিয়েছেন ভোলার তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর ইউনিয়ন (উত্তর) ছাত্রদলের সাধারণ সম্পাদক মো. নাঈম। সোমবার গভীর রাতে তজুমদ্দিন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মামুন হোসেন ও সদস্যসচিব মো. শরীফ হাওলাদার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বহিষ্কারের বিষয়টি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে নাঈমকে প্রাথমিক সদস্যপদসহ সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে ছাত্রদলের সর্বস্তরের নেতা-কর্মীদের তাঁর ৩ এর পাতায় দেখুন

চুরির অপবাদে মা-ছেলেকে পেটালেন বিএনপি নেতা

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় মানিব্যাগ চুরির অপবাদ দিয়ে ১২ বছরের এক শিশু ও তার মাকে বাঁশের লাঠি দিয়ে পিটিয়ে জখম করার অভিযোগ উঠেছে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও আইনজীবী হাফিজুর রহমান চুন্নুর বিরুদ্ধে। মারধরের পর ভয়ে ওই পরিবার চার দিন

ঘরের ভেতর অবরুদ্ধ ছিল। পরে স্থানীয় লোকজনের সহায়তায় মঙ্গলবার সকালে তাঁদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। গত শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাতে উপজেলার চাকামইয়া ইউনিয়নের গামুরবুনিয়া গ্রামে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী শিশুটির নাম জিসান (১২)। সে গামুরবুনিয়া গ্রামের মৃত বাচ্চু হাওলাদারের ৩ এর পাতায় দেখুন

ঢাকায় স্ত্রীকে কুপিয়ে হত্যা, গ্রামে পোড়ানো হলো স্বামীর ঘরবাড়ি

দশমিনা প্রতিনিধি
ঢাকার ধোলাইপাড় এলাকায় ভাড়া বাসায় থাকত জিকিরুল ওরফে জুয়েল মৃধা দম্পতি। গত বৃহস্পতিবার গভীর রাতে জিকিরুল ওরফে জুয়েল মৃধা তাঁর স্ত্রী মোসা. ইয়ানুর বেগমকে কুপিয়ে হত্যা করার অভিযোগ ওঠে। হত্যার পর থেকে ইয়ানুরের স্বামী জিকিরুল ওরফে জুয়েল মৃধা পলাতক। গত বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) গভীর রাতে ঢাকার ধোলাই পাড় এলাকায় ভাড়া বাসায় এ হত্যার ঘটনা ঘটে। কদমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশরাফ এ তথ্য নিশ্চিত করেন। থানা ও পারিবারিক সূত্রে জানা যায়, পটুয়াখালী দশমিনা উপজেলার আলীপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. ফোরকান মৃধার ছেলে মো. জিকিরুল ওরফে জুয়েল মৃধা চার-পাঁচ মাস আগে গলাচিপা উপজেলার বকুল বাড়িয়া ইউনিয়নের ২ নম্বর গুয়াবাড়িয়া ওয়ার্ডের হানিফ হাওলাদারের মেয়ে ইয়ানুরের সঙ্গে বিয়ে হয়। বিয়ে পর থেকে ঢাকার ধোলাইপাড় ৩ এর পাতায় দেখুন

ভিডিও ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে নিষিদ্ধ যুবলীগ নেতার চাঁদাবাজি

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে পরকীয়ার অপবাদ ও গোপনে ধারণ করা ভিডিও ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের এক নেতার বিরুদ্ধে। তার নাম আরিফুল ইসলাম। তিনি উপজেলার বলদিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক। বলদিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের খেজুরবাড়ি গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় ও ভুক্তভোগী সূত্রে জানা গেছে, ওই গ্রামে এক বিধবা নারীর বসতঘরে প্রতিবেশী রতন কুমার বাগচী নামে এক যুবক পান খেতে যান। বিষয়টির ওপর নজর

রেখে পূর্বশত্রুতার জেরে যুবলীগ নেতা আরিফুল ইসলাম, স্থানীয় সবুজ বাগচী ও মো. শরীফ হোসেনকে সঙ্গে নিয়ে ঘরে প্রবেশ করেন। আপত্তিকর সম্পর্কের অপবাদ দিয়ে ভিডিও ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল রুটে লঞ্চ ভাড়া বাড়লো ১৭-২০ শতাংশ

কীর্তনখোলা রিপোর্ট
ডিজেলের দাম লিটারপ্রতি ২০ টাকা বাড়ানোর পর ঢাকা-বরিশাল নৌপথে যাত্রীবাহী লঞ্চের ভাড়া বাড়ানো হয়েছে। নতুন নির্ধারিত হারে ডেকের ভাড়া প্রায় ১৭ শতাংশ এবং কেবিনের ভাড়া ২০ শতাংশ পর্যন্ত বেড়েছে। মঙ্গলবার থেকে এই ভাড়া কার্যকর হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ও লঞ্চ মালিকদের সূত্রে এ তথ্য জানা গেছে। বরিশাল-ঢাকা রুটে চলাচলকারী মানামী ৩ এর পাতায় দেখুন

কাঁঠালিয়ায় বিষপানে ইউপি সদস্যের আত্মহত্যা

কাঁঠালিয়া প্রতিনিধি
ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় বিষপানে নাছির তালুকদার লিটন নামের এক ইউপি সদস্য আত্মহত্যা করেছেন। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার চেঁচরীরামপুর ইউনিয়নের বানাই গ্রামে এ ঘটনা ঘটে। নাছির তালুকদার লিটন (৫০) চেঁচরীরামপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ইউপি সদস্য। তিনি ওই এলাকার মৃত মোশাররফ তালুকদারের ছেলে। ইউপি সদস্যের ভাই সোহাগ তালুকদার বলেন, সকালে বাজার থেকে বাড়িতে ফেরার পর আমার ভাই সামনের কক্ষে অসুস্থ হয়ে পড়েন। এ সময় তার স্ত্রী রান্নাঘরে ছিলেন। পরে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে পাশের উপজেলা ভাণ্ডারিয়া উপজেলা ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com